ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
NEWS সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ১৮৭ ● কলকাতা ● ২২ আষাঢ়, ১৪৩০ ● শনিবার ● ০৮ জুলাই, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা



বড়সড় দুর্ঘটনার কবলে শাহরুখ খান, জানুন সর্বশেষ অবস্থা
পৃঃ ৫



শেষ পর্যন্ত নেইমারকে ৩৫ কোটি টাকা জরিমানা!
পৃঃ ৬

## ভোটের আগের দিন মুর্শিদাবাদে রাজ্যপাল, সিবিআই তদন্তের দাবি নিহত তৃণমূল কর্মীর পরিবারের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভোটের ঠিক আগের দিন তপ্ত মুর্শিদাবাদ সফরে গেলেন রাজ্যপাল সি ভি আনন্দ বোস। রেলপথে তিনি বহরমপুর হয়ে নবগ্রাম, খড়গ্রাম যান। নিহতদের পরিবার তাঁর কাছে পুলিশের ভূমিকা নিয়ে নালিশ জানান বলে খবর। তুললেন সিবিআই তদন্তের দাবিও। রাজ্যপাল তাঁদের কথা শোনেন। পঞ্চায়েত নির্বাচনের আগে মনোনয়ন জমার প্রথম দিনে কংগ্রেস কর্মী খুনের ঘটনায় মুর্শিদাবাদের খড়গ্রাম থানা এলাকার মারগ্রাম গ্রাম পঞ্চায়েতের রতনপুর গ্রাম অগ্নিগর্ভ হয়। যদিও পুলিশ এই খুনের ঘটনার পর রাতেই কাজল শেখ ও সফিরুল শেখ নামে দু'জনকে গ্রেপ্তার করে ৭ দিনের পুলিশি হেফাজতে নেয়। এই মামলায় ১৫ জনের নামে অভিযোগ হয়েছে। তার মধ্যে এখনও পর্যন্ত তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। সবরকমভাবে পাশে থাকার আশ্বাসও দেন। পরে সেখান থেকে আবার বহরমপুর ফিরে সাংবাদিক বৈঠক করেন রাজ্যপাল। নির্ভয়ে সকলকে ভোটদানের আবেদন জানান। তবে রাজ্যপালের এই সফর ঘিরে কটাক্ষ করেছে জেলা তৃণমূল নেতৃত্ব। শুক্রবার কলকাতা থেকে হাজারদুয়ারি এক্সপ্রেস ট্রেনে করে সকাল ১০ টায় বহরমপুর পৌঁছে রাজ্যপাল

এরপর ৩ পাতায়

## ভোটের আবহেই তৃণমূলের বিরাট সিদ্ধান্ত, ভয় পাচ্ছেন অনেকেই



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নির্দল প্রশ্নে কড়া তৃণমূল কংগ্রেস। দলীয় শৃঙ্খলা না মানায় প্রায় ২ হাজার জনকে দল থেকে বহিষ্কার করল তৃণমূল কংগ্রেস। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দোপাধ্যায় জানিয়েছেন, 'টিকিট না পেয়ে নির্দল হিসাবে দাঁড়ানো ব্যক্তিদের মনোনয়ন প্রত্যাহারের অনুরোধ করা হয়েছিল। সময় দেওয়া হয়েছিল। ওই সতর্কবার্তার পরও জেলায় জেলায় বহু তৃণমূল কর্মী নির্দল হিসেবে দাঁড়িয়ে পড়েন। তার পরই জেলা ধরে ধরে দলের কারা নির্দল হিসেবে দাঁড়িয়েছে তাদের একটি তালিকা তৈরি করেছে দল। ওইসব তৃণণূল নেতাকে মনোনয়ন তুলে নেওয়ার কথা বলার পরও তারা তা তুলে নেয়নি। এবার সেই তালিকা ধরে ধরে ব্যবস্থা নেওয়া শুরু করল তৃণমূল কংগ্রেস। এমনকি লিফলেট দিয়ে ভোট না দেওয়ার আহ্বান করতে বলা হয়েছিল। এরা দলীয় শৃঙ্খলা না মানায়, এদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে।"

পঞ্চায়েত ভোটের মনোনয়ন পর্বের শুরুতে তৃণমূল কংগ্রেস ব্যতিব্যস্ত ছিল দলের মনোনয়ন নিয়ে। টিকিট না পেয়ে অনেকেই নির্দল হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন। টিকিট বিলির ক্ষেত্রে টাকা নেওয়ার অভিযোগ তুলেছেন বলাগড়ের বিধায়ক মনোরঞ্জন ব্যাপারী। অন্যদিকে অনুগামীরা টিকিট না পাওয়ায় প্রকাশ্যে ক্ষোভ প্রকাশ করেছেন আব্দুল করিম চৌধুরী ও হুমায়ুন কবীরের মতো বিধায়ক। এনিয়ে প্রথম থেকেই কড়া পদক্ষেপ নিয়েছিল দল। এরই প্রেক্ষিতে ভোটের প্রচার শেষ হওয়া অবধি মোট সাসপেন্ডের সংখ্যা প্রায় ২ হাজার হয়ে গিয়েছে।

পঞ্চায়েতে ভোটে নির্দল হিসেবে মনোনয়ন জমা দিয়ে তা তুলে না নেওয়ায় ভোট

এরপর ৩ পাতায়

## নওসাদ মামলায় গোপন জবানবন্দি মহিলার, 'নোংরা ঘটনা'য় সরব বাইরনও



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জটিল আকার নিতে চলেছে দক্ষিণ ২৪ পরগনার ভাঙড়ের আইএসএফ বিধায়ক নওসাদ সিদ্দিকীর মামলা। তাঁর বিরুদ্ধে যিনি বুধবার ধর্ষণের অভিযোগ এনেছেন, বৃহস্পতিবার ওই মামলায় তিনিই আদালতে গোপন জবানবন্দি দিয়েছেন। বিচার ভবনের ২২ নম্বর মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কোর্টের বিচারক জুঁই দত্তের কাছে গোপন জবানবন্দি দেন তিনি।

নওসাদ আগেই দাবি করেছেন, রাজনীতির আঙিনায় তাঁর সঙ্গে এঁটে উঠতে না পেরে এমন 'চক্রান্ত' করা হচ্ছে। সিপিএমের কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী এ দিনও বলেছেন, "অভিযোগকারিণী তৃণমূলের। থানায় অভিযোগ করাতে নিয়ে গিয়েছেন তৃণমূল নেতা। অভিযোগের সত্যাসত্য পরে জানা যাবে। কিন্তু বিষয়টা যে ভাবে এগোচ্ছে, তাতে সেই চাপ দিয়ে বাইরনকে দল বদলানোর মতো একই চিত্রনাট্য মনে হচ্ছে!" ক্যানিং পূর্বের তৃণমূল বিধায়ক সওকাত মোল্লা দাবি করেছেন, "এই রাজ্যে বিধায়কের বিরুদ্ধে ধর্ষণের অভিযোগ এই প্রথম। নওসাদকে অবিলম্বে গ্রেফতার করা উচিত।" আর নওসাদ পাল্টা দাবি করেছেন, "আমার নামে সম্পূর্ণ মিথ্যা অভিযোগ করা হয়েছে। এখন

এরপর ৩ পাতায়


# সাতকাহন

{কবিতা সংকলন}

ছায়াপথ প্রকাশনী
আলোর মিছিল

সম্পাদনায়:- অদিতি আচার্য্য ও মৃত্যুঞ্জয় সরদার

* GOVT. REGD
* ISBN allocation
* Online/Offline selling

লেখা পাঠানোর প্রক্রিয়া

১. স্রষ্টার কবিতা যেকোনো পর্যায়ের হতে পারে।
২. কবিতা সর্বাধিক ২৪ লাইনের হতে পারে।
৩. লেখা পাঠানোর ৩দিনের মধ্যে মনোনীত হলে যোগাযোগ করা হবে।
৪. what'sapp এ টাইপ বা document করে লেখা পাঠাতে হবে।

নির্বাচিত সাহিত্যিকদের জন্যে থাকছে মানপত্র এবং মেমেন্টো।



-:লেখা পাঠানোর ঠিকানা:-
what's app :- 7439971094
সময়সীমা:- ৩০শে জুলাই, ২০২৩ এর মধ্যে।

প্রিবুক মূল্য:- ২৫০ টাকা মাত্র
আমরা সৌজন্য সংখ্যা দিতে অপরাগ, একটি কপি প্রিবুক করে নেওয়ার অনুরোধ জানাই।

বি: দ্র: - বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলার বিশিষ্ট সাহিত্যিক, অভিনেতা, সঙ্গীত এবং নৃত্য জগতের দিকপালরা, সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ পাবে বইটি।

Chayapoth Publication Facebook Page



একটি উন্নততর আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান

# সরবেড়িয়া আন্-নূর মিশন

রেজিস্টার্ড অফিস : সরবেড়িয়া, পোঃ-এফ.এস. হাট, থানা - ন্যাজাট, জেলা - উঃ ২৪ পরগনা, পিন : ৭৪৩৩২৯
E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Website : annoormission.org

প্রতিষ্ঠাতা : মরহুম আলহাজ্ব আব্দুল হামিদ

২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি চলিতেছে

যে সমস্ত ছাত্র-ছাত্রীরা ২০২৩ সালে মাধ্যমিক পরীক্ষা দিয়েছে তারা অভিভাবক সহ সরাসরি মিশনে এসে Spot Exam এর মাধ্যমে একাদশ শ্রেণিতে কলা ও বিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে এবং মাধ্যমিক পরীক্ষার ফলাফল বের হলে ৭৫ শতাংশ নম্বর বিজ্ঞান বিভাগ ও ৬০ শতাংশ নম্বরে কলা বিভাগে ভর্তি হওয়ার সুযোগ পাবে। মেধাবী ও দুঃস্থ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিশেষ সুযোগ-সুবিধা দেওয়া হবে। সত্বর যোগাযোগ করুন।

আসন সংখ্যা সীমিত



Gilr's Hostel



Boy's Hostel



মোস্তাক হোসেন
প্রধান পৃষ্ঠপোষক
কর্ণধার
পতাকা শিল্পগোষ্ঠী



সেখ নুরুল হক
চেয়ারম্যান
অ্যাকাডেমিক কাউন্সিল
অবসরপ্রাপ্ত আই.এ.এস



জাকির হোসেন মোল্লা
সম্পাদক
সরবেড়িয়া আন্-নূর মিশন
মোঃ - ৯৭৩২ ৫৩১ ১৭১

মাধ্যমিক ফলাফল -২০২২

| বোর্ড/কাউন্সিল | | মোট পরীক্ষার্থী | স্টার | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| WBBSE | ছাত্রী | ২৮ | ০৩ | ২০ | ০৫ | ৫৮১ |
| | ছাত্র | ০৯ | ০৩ | ০৪ | ০২ | ৫৬৬ |
| | সর্বমোট | ৩৭ | ০৬ | ২৪ | ০৭ | |

উচ্চমাধ্যমিক ফলাফল -২০২২

| বোর্ড/কাউন্সিল | | মোট পরীক্ষার্থী | >90 % | 90-80 % | স্টার মার্কস | সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| WBCHSE | ছাত্রী (বিজ্ঞান) | ০৮ | ০১ | ০৮ | ০৮ | ৪৬২ |
| | ছাত্র (বিজ্ঞান) | ০৬ | ০১ | ০৬ | ০৬ | ৪৫৪ |
| WBCHSE | ছাত্রী (কলা) | ১৬ | ০০ | ১৪ | ১৬ | ৪৪১ |
| | ছাত্র (কলা) | ০২ | ০০ | ০২ | ০২ | ৪৪১ |
| | সর্বমোট | ৩৭ | ০৬ | ২৫ | ৩২ | |

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন
97 34 54 95 05 / 95 64 01 19 06

আবাসিক শিক্ষক চাই
- জীববিদ্যা
- পুষ্টিবিদ্যা
- পদার্থবিদ্যা
- শিক্ষাবিজ্ঞান
- আরবী (এম.এম)

## কেন্দ্রীয় বাহিনী কোথায়,

# কমিশনের কন্ট্রোল রুমে সাধারণ মানুষের একটাই প্রশ্ন!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাত পোহালেই পঞ্চায়েত নির্বাচন । কেন্দ্রীয় বাহিনীর ঘেরাটোপে ভোট করানোর নির্দেশ দিয়েছিল হাইকোর্ট। উচ্চ আদালত আরও বলেছিল, প্রতি বুথে রাজ্য পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী থাকবে সমান অনুপাতে। কিন্তু বাস্তবে কি সেই চিত্র দেখা যাবে, প্রশ্ন জাগছে সাধারণ মানুষের মনেই!এরপরই আদালত জানায়, প্রতি বুথে রাজ্য পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী সমান অনুপাতে থাকবে। কেন্দ্রীয় বাহিনীর বিন্যাস কীভাবে করা যায় সেই পুরো বিষয়টা দেখবেন বিএসএফ আইজি। কিন্তু সূত্রের খবর বিএসএফ কর্তা কমিশনকে জানিয়ে দেয়, এভাবে প্রতি বুথে বা একজন বা দু'জন করে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা যাবে না।

সূত্রের খবর, ৮২২ কোম্পানি বাহিনীর মধ্যে শুক্রবার রাত পর্যন্ত ৮০ শতাংশ বাহিনী এসে পৌঁছনোর কথা। অর্থাত ৬৫০ থেকে ৭০০ কোম্পানির বেশি ফোর্স শুক্রবারের মধ্যে এসে পৌঁছনোর সম্ভাবনা ক্ষীণ। ফলে শনিবার নির্বাচনে সব জায়গায় বাহিনী থাকবে কিনা, সেই নিয়ে প্রশ্ন থেকেই যাচ্ছে ।সুষ্ঠ ও অবাধ শান্তিপূর্ণ ভোট করানোই এখন বড় চ্যালেঞ্জ রাজ্য নির্বাচন কমিশনের কাছে। ভোটের দিন অশান্তি এড়াতে একাধিক পদক্ষেপ ইতিমধ্যেই নিয়ে ফেলেছে কমিশন। খোলা হয়েছে কন্ট্রোল রুম, যাতে কোনওরকম অশান্তির খবর জানাতে পারেন। কমিশন দফতরেই ফোন করা যাবে সরাসরি। এই জন্য একাধিক নম্বরও প্রকাশ করেছে কমিশন। এমনকী টোল ফ্রি নম্বরও চালু করা হয়েছে।

কমিশনের এই কন্ট্রোল রুমে সমানে বেজে চলেছে ফোনগুলি। দায়িত্বপ্রাপ্ত কমিশনের অফিসাররা সেই ফোন তুলছেন, শুনছেন সাধারণ মানুষের অভিযোগের কথা। সূত্রের খবর, ফোনের ওপার থেকে সাধারণ মানুষ বিভিন্ন বিষয়ে অভিযোগ জানাচ্ছেন ঠিকই। কিন্তু এইসব অভিযোগের ভিড়ে সবচেয়ে বেশি প্রশ্ন হচ্ছে, কেন্দ্রীয় বাহিনী কোথায়? এলাকায় তো দেখা যাচ্ছে না জওয়ানদের? তারপরই কমিশন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের কাছে নির্বাচনের জন্য মাত্র ২২ কোম্পানি বাহিনী চেয়ে পাঠায়। কমিশনের এই সিদ্ধান্ত হাইকোর্টের দৃষ্টি আকর্ষণ করা হয়। হাইকোর্ট স্পষ্ট জানিয়ে দেয়, এই সামান্য বাহিনী দিয়ে ভোট করানো যাবে না। ২০১৩ সালের নির্বাচনের থেকেও বেশি বাহিনী মোতায়েন করতে হবে এবারের পঞ্চায়েত নির্বাচনে।

হাইকোর্টের সেই পর্যবেক্ষণের পরেই কমিশন আরও ৮০০ কোম্পানি বাহিনী চেয়ে পাঠায় কেন্দ্রের থেকে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের মন্ত্রক প্রথমে জানায় তারা ৩৩৭ কোম্পানি বাহিনীর বেশি দিতে পারবে না। সেই নিয়ে বিস্তর ডামাডোল চলে। কমিশন ও স্বরাষ্ট্র মন্ত্রকের মধ্যে চিঠি-চাপাটি চলেছে। জানা যায়, শেষে কমিশনের আবেদন মতোই বকেয়া ৪৮৫ বাহিনী পাঠাবে কেন্দ্র।

## কেন্দ্রীয় বাহিনী যত পারে আসুক,

# আমরা তো চাইছি প্রতি বুথে থাকুক: অভিষেক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পঞ্চায়েত ভোটে কেন্দ্রীয় বাহিনী যাতে মোতায়েন করা হয় সেজন্য কলকাতা হাইকোর্টে মামলা করেছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। আদালত এই মর্মে রায় দিতে সেটাকে তাঁদের বড় জয় হিসাবে দেখেছিল বিজেপি। বৃহস্পতিবার এ নিয়ে প্রশ্ন করা হলে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় বলেন, 'আমরাও তো চাইছি কেন্দ্রীয় বাহিনী আসুক ।এদিন 'মিট দ্য প্রেস' আয়োজন করেছিল কলকাতা প্রেস ক্লাব। সেখানেই সাংবাদিকদের সমস্ত প্রশ্নের জবাব দিয়েছেন অভিষেক। এবং তার মাধ্যমে বারবার বোঝানোর চেষ্টা করেছেন যে বাংলায় পঞ্চায়েত ভোট যথাসম্ভব শান্তিপূর্ণ করানোর তাগিদ তাঁদেরও রয়েছে। তাঁর কথায়, 'বাংলায় এই মুহূর্তে তৃণমূলের যা শক্তি রয়েছে, তাতে চাইলে বহু আসনে বিরোধীরা মনোনয়ন পেশ করতে পারত না। কিন্তু সেটা তো আমরা চাইনি। আমরা চেয়েছি ভোট হোক। আমরা বলছি, আরও বেশি কেন্দ্রীয় বাহিনী আসুক। ভোটাভুটি করে দেখা হোক বাংলার মানুষ কাকে চাইছে।'প্রতি বুথে বাহিনী মোতায়েন করা হোক। একজনের জায়গায় দশ জন দেওয়া হোক'।

অভিষেক এই প্রত্যয় দেখানোয় পরের প্রশ্নটা খুব স্বাভাবিক ছিল। তাঁকে প্রশ্ন করা হয়, তা হলে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়ে রাজ্য নির্বাচন কমিশন আপত্তি করেছিল কেন? জবাবে

এরপর ৩ পাতায়

## হিন্ডওয়্যার স্মার্ট অ্যাপ্লায়েন্সেস উদ্ভাবনী পণ্যগুলির সাথে

# রান্নাঘরের সরঞ্জামগুলির পরিসর প্রসারিত করে

- কিচেন চিমনি, বিল্ট-ইন-হবস এবং ইন্ডাকশন কুকটপ ক্যাটাগরির অধীনে নতুন পণ্য চালু করেছে
- এই 23-24 অর্থবছরের শেষ নাগাদ এর বাজারের অনুপ্রবেশ বাড়ানোর লক্ষ্য রয়েছে, রান্নাঘরের যন্ত্রপাতি বিভাগে 25% এর বেশি বৃদ্ধির আশা করা হচ্ছে




**Kolkata, 4 July 2023: নিউজ সারাদিন :** হিন্দওয়্যার স্মার্ট অ্যাপ্লায়েন্সেস সম্প্রতি কিচেন চিমনি, বিল্ট-ইন হব এবং ইন্ডাকশন কুকটপ সেগমেন্টে নতুন পণ্যের একটি পরিসর চালু করেছে। এই পদক্ষেপটি তাদের বাজারে উপস্থিতি বাড়ানো এবং রান্নাঘরের যন্ত্রপাতি বিভাগে একটি বৃহত্তর অংশ দখল করার লক্ষ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ।

বিদ্যমান পোর্টফোলিওর সম্প্রসারণের সাথে, ব্র্যান্ডটি এই আর্থিক বছরের 2023-2024 সালের শেষ নাগাদ তার বাজারের অনুপ্রবেশ বাড়ানোর লক্ষ্য রাখে, রান্নাঘরের সরঞ্জামগুলির শ্রেণীতে 25% এর বেশি বৃদ্ধির হার প্রত্যাশিত।

শক্তি সাশ্রয়ী BLDC মোটর দিয়ে সজ্জিত, বৈদ্যুতিক চিমনি পরিসরে Raylene, Marcella এবং Catalina এর মত মডেল রয়েছে, যা শক্তি সঞ্চয়কে উৎসাহিত করে। এই চিমনি গুলি 9 স্তর পর্যন্ত একটি গতি নিয়ন্ত্রণ ব্যবস্থা এবং একটি ডিজিটাল ডিসপ্লে প্যানেলের সাথে আসে যা তাদের সামগ্রিক নকশার কমনীয়তা যোগ করে। নতুন পরিসীমা তিনটি ভিন্ন আকারের উপলব্ধ: 60cm, 75cm Ges 90cm, এবং লাইফটাইম ওয়ারেন্টি সহ আসে। সাতটি নতুন মডেলের সাম্প্রতিক সংযোজন এর সাথে, হিন্দওয়্যার স্মার্ট অ্যাপ্লায়েন্সেস এখন রান্নাঘরের চিমনি সেগমেন্টে 5,000 থেকে 55,000 টাকার মধ্যে মোট 167টি SKU-এর বিকল্পগুলির একটি বিস্তৃত পরিসরে অফার করে ।

ব্র্যান্ডটি ইভানা এবং হ্যাজেল রেঞ্জ সমন্বিত অন্তর্নির্মিত রান্নাঘর হব গুলির একটি নতুন সংগ্রহও চালু করেছে। ইভানা সিরিজের পণ্যগুলি ব্রাশ ডিজাইনার বার্নার, গোল্ড ফিনিশড মেটালিক নব, সোনার প্রান্ত সহ একটি স্টাইলিশ ম্যাট গ্লাস ডিজাইন থেকে তৈরি করা হয়। অন্যদিকে, হ্যাজেল হবস সিরিজটি তার মসৃণ কালো ফিনিশ, উচ্চতর মানের নব, ব্রাশ বার্নার এবং টেকসই শক্ত কাঁচের সাথে আলাদা। মডার্ন কিচেন হব রেঞ্জে INR 12,500 থেকে INR 35,000 মূল্যের মোট 55টি ঝকট রয়েছে, যা গ্রাহকদের বেছে নেওয়ার জন্য প্রচুর বিকল্প প্রদান করে।

ইন্ডাকশন কুকটপ ক্যাটাগরিতে, হিন্দওয়্যার স্মার্ট অ্যাপ্লায়েন্সেস 'ভেন্টুরো' মডেলটি চালু করেছে, যা ব্যবহারকারীদের রান্নার একটি উন্নত অভিজ্ঞতা প্রদানের জন্য ডিজাইন করা হয়েছে। এই উন্নত ইন্ডাকশন কুকটপটি 5টি প্রি-সেট মেনু, একটি ডিজিটাল ডিসপ্লে, একটি টাইমার সেটিং, তাপমাত্রা নিয়ন্ত্রণ, একটি স্বয়ংক্রিয়-শাটঅফ সেন্সর এবং ব্যবহারকারী-বান্ধব পুশ বোতাম গুলির মতো বৈশিষ্ট্য সহ একটি শক্তিশালী 1800-ওয়াট ইন্ডাকশন পাওয়ার অফার করে।

এছাড়াও, হিন্দওয়্যার স্মার্ট অ্যাপ্লায়েন্সেস ছয়টি নতুন মডেল যুক্ত করে রান্নাঘরের সিঙ্কের পরিসর বাড়িয়েছে। এইগুলির সাথে, ব্র্যান্ডটি এখন রান্নাঘরের সিঙ্ক বিভাগে মোট 174টি SKU অফার করে এবং সিঙ্কগুলি 6,700 টাকা থেকে 63,990 টাকার মধ্যে বিভিন্ন মূল্যের পয়েন্টে উপলব্ধ।

গবেষণা এবং উদ্ভাবনের দ্বারা চালিত, হিন্দওয়্যার স্মার্ট অ্যাপ্লায়েন্সেস তার সূচনা থেকে 33টি পেটেন্টের জন্য আবেদন করেছে, যা শিল্পে একটি নেতা হিসাবে তার অবস্থানকে সুদৃঢ় করেছে। এই পেটেন্টগুলি ব্র্যান্ডের উদ্ভাবনী এবং দূরদর্শী পদ্ধতির একটি সাক্ষ্য। এর মধ্যে তিনটি পেটেন্ট ইতিমধ্যেই বাজার-প্রস্তুত পণ্যে রূপান্তরিত হয়েছে, যা বাজারের অন্যান্য পণ্য থেকে ব্র্যান্ডের নিজেকে আলাদা করার ক্ষমতা দেখায়।

এর সম্প্রসারণ পরিকল্পনার সাথে, হিন্দওয়্যার স্মার্ট অ্যাপ্লায়েন্সেস বছরের পর বছর ধরে একটি শক্তিশালী অফলাইন এবং অনলাইন খুচরা নেটওয়ার্ক তৈরি করেছে একটি এক্সক্লুসিভ স্মার্ট অ্যাপ্লায়েন্সেস ইউনিভার্স, 170টি কিচেন গ্যালারি, 1300 ডিস্ট্রিবিউটর এবং 14000 খুচরা বিক্রেতাদের সাথে নেতৃস্থানীয় ই-কমার্স অ্যাটেনডেন্স উল্লেখযোগ্য উপস্থিতি অন্তর্ভুক্ত। অ্যামাজন এবং ফ্লিপকার্ট এর মতো প্ল্যাটফর্ম। আরও জানতে এখানে ক্লিক করুন।




## পঞ্চায়েত ভোটে 'বাক্স বদল' রুখবে প্রযুক্তি,


# 'ভোট লুট' থামাতে নতুন উদ্যোগ

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পঞ্চায়েত ভোটে ব্যালট বাক্সে কারচুপি রুখতে 'কিউআর কোড' থাকছে প্রতিটি বাক্সের গায়ে। সঙ্গে থাকছে নির্দিষ্ট নম্বরও। পঞ্চায়েত ভোটে প্রতিবার যে ব্যালট বাক্স বদলের অভিযোগ ওঠে, সেই আশঙ্কা রুখতেই নজিরবিহীন এই সিদ্ধান্ত রাজ্য নির্বাচন কমিশনের। প্রতিবারের মতো এবারও প্রতিটি বুথে চারটি করে ব্যালট বাক্স পাঠানো হচ্ছে। প্রতিটির

এরপর ৩ পাতায়

## বুথে বুথে কেন্দ্রীয় বাহিনী থাকবে তো!


# ভোটের আগের দিন সংশয়ে অধীর



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আর মাত্র কয়েক ঘণ্টার অপেক্ষা। রাত পোহালেই ভোট। অথচ আদালতের নির্দেশ মতো এখনও সমগ্র সেন্ট্রাল ফোর্স রাজ্যে এসে পৌঁছয়নি। মোট ৮২২ কোম্পানির মধ্যে ৩৩৭ কোম্পানি বাহিনী আগেই রাজ্যে এসে পৌঁছলেও বাকি ৪৮৫ কোম্পানি বাহিনী নিয়ে ধোঁয়াশা এখনও অব্যাহত। বহু জায়গাতেই রাজ্য পুলিশকে সঙ্গে নিয়ে বুথের উদ্দেশে রওনা দিয়েছেন ভোটকর্মীরা। অধীরের অভিযোগ, এদিন রানিনগরের কংগ্রেস কর্মীর খুনের ঘটনাকে অসুস্থতার কারণে মৃত্যু বলে চালানোর চেষ্টা করেছিল পুলিশ। পুলিশের একটি অংশ বলার চেষ্টা করছে, অরবিন্দবাবুর বুকে পেস মেকার বসানো ছিল। সেটা ফেটেই মৃত্যু হয়ে থাকতে পারে ওই ব্যক্তির। যদিও রাজ্যপাল এদিনই জেলায় চলে আসায় পুলিশের সেই চেষ্টা সফল হয়নি বলেই দাবি অধীরের। দুপুরে রানিনগরে গিয়ে পুলিশের সঙ্গে বচসাতেও জড়িয়ে পড়তে দেখা যায় প্রদেশ কংগ্রেস সভাপতিকে। তবে জেলা পুলিশের দাবি, এমন অভিযোগ ঠিক নয়। মৃতদেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে। রিপোর্ট এলেই স্পষ্ট হবে মৃত্যুর কারণ ।কমিশন বলছে, শুক্রবার রাতের মধ্যে বাকি ফোর্স সমস্ত জায়গায় পৌঁছে যাবে। এমন পরিস্থিতিতে ভোটের দিন ভোটগ্রহণ কেন্দ্রে সেন্ট্রাল ফোর্সের উপস্থিতি নিয়েই গভীর সংশয় প্রকাশ করলেন প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরী । একই সঙ্গে সন্ত্রাসের প্রশ্নে ফের মুখ্যমন্ত্রীকে আক্রমণ শানিয়েছেন তিনি।

এদিন বিকেলে বহরমপুরে সাংবাদিক বৈঠক থেকে অধীর বলেন, 'ভোটের দিন কেন্দ্রীয় বাহিনী কোথায় থাকবে বুথে না পথে, সেটা আমার জানা নেই। কারণ, ভোটের কয়েক ঘণ্টা আগেও বহু জায়গায় কেন্দ্রীয় বাহিনীর দেখা মেলেনি।' ভোটের দিনও হিংসার ঘটনা ঘটবে ধরে নিয়েই অধীরের বক্তব্য, ' তবু আমি বলছি, মানুষ গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করতে মরিয়া। তাই ভোটের দিন সন্ত্রাস হবে, বোমা পড়বে, গুলি চলবে, তার মধ্যেই মানুষ ভোট দেবে।'রাজনৈতিক মহলের একাংশের মতে, বাংলার পঞ্চায়েত ভোটে রক্ত ঝরা নতুন কোনও ঘটনা নয়। চলতি ভোট মরশুমে এখনও পর্যন্ত নিহতের সংখ্যা ১৮ জন। অতীতে প্রতিটি নির্বাচনেই এমন প্রচুর হিংসাত্মক ঘটনা ঘটেছে। তবে কেন্দ্রীয় বাহিনীর উপস্থিতিতে রাজ্যে এই প্রথম পঞ্চায়েত ভোট। তা সত্ত্বেও ভোটের আগের দিন, শুক্রবার সকালে যেভাবে মুর্শিদাবাদের রানিনগরের কংগ্রেস কর্মী অরবিন্দ মণ্ডলকে পিটিয়ে খুন করা হয়েছে, তাতে ভোটের দিনে হিংসার প্রবণতা আরও বাড়বে বলেই আশঙ্কা প্রকাশ করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি ।মুখ্যমন্ত্রী, নির্বাচন কমিশন এবং রাজ্য পুলিশকে একই বন্ধনীতে রেখে অধীরের অভিযোগ, 'নির্বাচনকে প্রহসনে পরিণত করতে সব ধরনের প্রচেষ্টা চলছে। বাড়ছে মানুষের মৃত্যুমিছিল।' ভোটের সাড়ে ১৩ ঘণ্টা আগে তৃণমূলের সরকারকে আক্রমণ করে মুখ্যমন্ত্রীর উদ্দেশে অধীরের প্রশ্ন, 'আপনার সন্ত্রাসের তেষ্টা মেটাতে হলে বাংলার আর কত মানুষকে প্রাণ বলি দিতে হবে?'


চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

সম্রাজ্ঞী
{কবিতা সংকলন}
ছায়াপথ প্রকাশনী
আলোর মিছিল
সম্পাদিকা:- অদিতি আচার্য্য
লেখা পাঠানোর প্রক্রিয়া
* GOVT. REGD
* ISBN allocation
* Online/Offline selling
১. স্রষ্টার কবিতা যেকোনো পর্যায়ের হতে পারে।
২. কবিতা সর্বাধিক ২৪ লাইনের হতে পারে।
৩. লেখা পাঠানোর ৩দিনের মধ্যে মনোনীত হলে যোগাযোগ করা হবে।
৪. what'sapp এ টাইপ বা document করে লেখা পাঠাতে হবে।
নির্বাচিত সাহিত্যিকদের জন্যে থাকছে মানপত্র এবং মেমেন্টো।

-:লেখা পাঠানোর ঠিকানা:-
what's app :- 8207240867
সময়সীমা:- ৩০শে জুলাই, ২০২৩ এর মধ্যে।
বি: দ্র: - বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলা চলচ্চিত্র অভিনেতা অভিনেত্রীরা, সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ পাবে বইটি।
আমরা সৌজন্য সংখ্যা দিতে অপরাগ, একটি কপি প্রিবুক করে নেওয়ার অনুরোধ জানাই।
Chayapoth Publication Facebook Page

১-ম পাতার পর

# ভোটের আবহেই তৃণমূলের বিরাট সিদ্ধান্ত, ভয় পাচ্ছেন অনেকেই

প্রচারের শেষ দিনে ৯৬ জন তৃণমূল কর্মীকে সাসপেন্ড করল তৃণমূল কংগ্রেস। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে ওই পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানা যাচ্ছে। দলের তরফে আগেই বলা হয়েছিল, নির্দল হয়ে যারা মনোনয় জমা দিয়েছিলেন তা তুলে নিন। ভবিষ্যতে দল তাদের পাশে থাকবে। কিন্তু না তুললে দল তাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেবে। সেটাই শেষপর্যন্ত করা হল। নবজোয়ার কর্মসূচিতে অভিষেক বন্দ্যোপাধ্যায় বারবার হুঁশিয়ারি গিয়েছিলেন, যারা নির্দল হিসেবে দাঁড়াবেন তাদের জন্য দলের দরজা বন্ধ। অভষেক স্পষ্ট জানিয়ে দেন, নির্দল হিসেবে জিতে যদি মনে করেন তৃণমূলে যোগ দেবেন তাহলে ভুল করছেন।

১-ম পাতার পর

# নওসাদ মামলায় গোপন জবানবন্দি মহিলার, 'নোংরা ঘটনা'য় সরব বাইরনও

বিচারাধীন বিষয়। আইনজীবীরা প্রস্তুতি নিয়েছেন আইনি পথে মোকাবিলার। বিচারব্যবস্থার প্রতি ভরসা আছে। আইনি ব্যবস্থাতেই আমি অভিযোগমুক্ত হব।"অভিযোগ জানানোর ২৪ ঘণ্টার মধ্যে গোপন জবানবন্দির এই ব্যবস্থায় পুলিশের 'সক্রিয়তা' নিয়ে সন্দেহ ও প্রশংসা, দুই-ই শোনা গিয়েছে।

এরই মধ্যে আরও জোরালো হয়েছে 'রাজনৈতিক চক্রান্তে'র অভিযোগও। পঞ্চায়েত ভোটের ৭২ ঘণ্টা আগে যিনি আইএসএফ বিধায়কের নামে অভিযোগ দায়ের করেছেন, তাঁর রাজনৈতিক পরিচয় প্রকাশ্যে এসেছে। তিনি মুর্শিদাবাদের ডোমকল শহর তৃণমূলের সম্পাদিকা ছিলেন। বিভিন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে দলের বিধায়ক জাফিকুল ইসলাম থেকে ব্লক সভাপতি হাজিকুল ইসলামের পাশে দেখা গিয়েছে তাঁকে। তাঁর বাড়িও ডোমকলে। তৃণমূলের এক জন নেত্রীই নওসাদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করায় মুখ খুলেছেন সাগরদিঘির সদ্য কংগ্রেস-ত্যাগী বিধায়ক বাইরন বিশ্বাসও। নিজের কেন্দ্রে তৃণূমলের হয়ে পঞ্চায়েতের প্রচারের ফাঁকে এ দিন বাইরন বলেছেন, "রাজনীতিতে নোংরা ঘটনা জড়িয়ে ফেলে কাউকে অপদস্থ করা ঠিক নয়। তা হলে ভদ্র শিক্ষিত মানুষ তো রাজনীতিতে আসবে না। আমার বিরুদ্ধেও সেই চেষ্টা করা হয়েছে ভোটের সময়। আমি তা কাটিয়ে উঠেছি। রাজনীতিতে সুস্থ ও গণতান্ত্রিক পরিবেশ বজায় রেখে চলা উচিত সকলের।"ডোমকলের তৃণমূল বিধায়ক জাফিকুলের বক্তব্য, "রাজ্যের তরফে যে কমিটি গড়ে দেওয়া হয়েছিল, তাতে উনি শহর তৃণমূলের সম্পাদিকা হিসেবে দায়িত্বে ছিলেন। যে হেতু সেটা পুর এলাকা, ফলে গ্রাম পঞ্চায়েত নির্বাচনের সময় আমাদের সঙ্গে তাঁর যোগাযোগ নেই।" বহরমপুর-মুর্শিদাবাদ সাংগঠনিক জেলা তৃণমূলের সভাপতি শাওনি সিংহ রায় বলেন, "ও আমাদের দলের কেউ কিনা আমার জানা নেই। খোঁজ নিয়ে দেখব।" ষড়যন্ত্রের প্রশ্নে শাওনি বলেন, "মামলা হয়েছে। পুলিশ নিশ্চয়ই তদন্ত করে দেখবে।"

নওসাদের বিরুদ্ধে বিয়ের প্রতিশ্রুতি দিয়ে সহবাসের অভিযোগে বুধবার অভিযোগকারিণী প্রথমে গিয়েছিলেন নিউটাউন থানায়। পরে অভিযোগ জমা দেওয়া হয় কলকাতার বৌবাজার থানায়। এর ভিত্তিতে নওসাদের বিরুদ্ধে ধর্ষণের মামলা দায়ের করে পুলিশ। অভিযোগকারিণী মহিলার আইনজীবী রীনা খাতুন জানিয়েছেন, দুপুর আড়াইটে নাগাদ গোপন জবানবন্দির প্রক্রিয়া শুরু হয়। চলে প্রায় দেড় ঘণ্টা। বুধবার রাতে অভিযোগকারিণীর মেডিক্যাল পরীক্ষা হয়েছে বলেও জানিয়েছেন রীনা।ঠিক পঞ্চায়েত ভোটের আগেই ভাঙড়ের বিধায়কের বিরুদ্ধে ওঠা এই অভিযোগ ঘিরে শুরু হয়েছে রাজনৈতিক তরজাও। পঞ্চায়েত ভোট ঘিরে ভাঙড়ে তৃণমূল কংগ্রেস এবং আইএসএফ-এর মধ্যে সংঘর্ষের ঘটনা অব্যাহত। অভিযোগকারিণী মহিলার সঙ্গে ভাঙড়ে পঞ্চায়েত ভোটের দায়িত্বপ্রাপ্ত তৃণমূল নেতা সব্যসাচী দত্ত নিউটাউন থানায় যাওয়ায় বিতর্ক আরও ডালপালা মেলেছে। জবানবন্দি দিয়ে আদালত থেকে বেরিয়ে যাওয়ার সময়ে এই গোটা বিষয়টি নিয়ে অবশ্য কোনও মন্তব্য করতে চাননি অভিযোগকারিণী মহিলা। তাঁর আইনজীবী রীনা বলেন, "এই বিষয়ে সময় মতো সংবাদমাধ্যমের সামনে আমাদের বক্তব্য তুলে ধরব।"

১-ম পাতার পর

# ভোটের আগের দিন মুর্শিদাবাদে রাজ্যপাল, সিবিআই তদন্তের দাবি নিহত তৃণমূল কর্মীর পরিবারের

সি ভি আনন্দ বোস চলে যান নবগ্রামে। সেখানে মনোনয়ন পত্র জমা দেওয়ার পর্ব মিটতেই অর্থাত ১৫ জুন খুন হন নবগ্রাম থানার হজবিবিডাঙ্গা অঞ্চল তৃণমূল সভাপতি মোজাম্মেল শেখ। ওই রাতে তিনি স্থানীয় পাথরডাঙা অঞ্চল তৃণমূল কার্যালয় থেকে দলীয় প্রার্থীকে তাঁর বাড়ি পৌঁছে দিতে যাচ্ছিলেন। অভিযোগ, ওই সময় একদল সিপিএম, কংগ্রেস এবং বিজেপি আশ্রিত দুষ্কৃতীদল তাঁকে পিটিয়ে খুন করে বলে অভিযোগ। এদিন রাজ্যপাল মৃত তৃণমূল নেতা মোজাম্মেল শেখের সাহেবনগরের বাড়িতে উপস্থিত হন। সেখানে মৃতের পরিবারকে সমবেদনা জানান তিনি। এছাড়া মৃতের পরিবারকে সুবিচার পাইয়ে দিতে উপযুক্ত ব্যবস্থা করার আশ্বাসও দেন। এই বিষয়ে হজবিবিডাঙ্গা গ্রাম পঞ্চায়েতের বিদায়ী প্রধান মাফজার আলি বলেন, 'রাজ্যপাল গোটা ঘটনা বিস্তারিত শোনেন। তদন্তের কাজে পুলিশ প্রশাসনের ভূমিকার কথাও উনি জানতে চান। তাঁকে আমরা সব কিছু খোলসা করে বলেছি। উনি মৃতের পরিবারের পাশে থাকার আশ্বাস দেন।'

এদিকে বিরোধীদের হাতে দলীয় নেতা খুন এবং ভোট প্রক্রিয়া শুরু হওয়ার কয়েক ঘন্টা আগে এভাবে রাজ্যপালের সরেজমিনে পরিদর্শন আসা ও মৃতের পরিবারের সঙ্গে দেখা করাকে 'উদ্দেশ্যপ্রণোদিত' বলে ব্যাখ্যা করেছেন ব্লক তৃণমূল সভাপতি মহম্মদ এনায়েতুল্লাহ। তাঁর দাবি, 'ঘটনার তদন্তে পুলিশ প্রশাসনের প্রতি আমাদের পূর্ণ আস্থা আছে। ভোটের ঠিক আগে মুহূর্তে রাজ্যপাল এভাবে এলাকায় ঘুরে মানুষকে কি বার্তা দিতে চাইছেন বুঝছি না।'

নবগ্রাম থেকে খড়গ্রামের রতনপুর-নলদ্বীপ গ্রামে মৃত কংগ্রেস কর্মী ফুলচাঁদ শেখের বাড়িতে যান রাজ্যপাল সি ভি আনন্দ বোস। রাজ্যপাল কে পাশে পেয়ে মৃত কংগ্রেস কর্মীর পরিবারের সদস্যরা সিবিআই তদন্তের দাবি জানালেন। কংগ্রেস কর্মীর পরিবারের অভিযোগ, 'খুনের ঘটনা ঘটার এক মাস পেরিয়ে গেলেও এখনও পর্যন্ত মূল অভিযুক্তরা ধরা পড়েনি। অন্যদিকে, কংগ্রেস পরিবারের উপর লাগাতার হুমকি ও নির্যাতন চলছে বলে রাজ্যপালের কাছে অভিযোগ করেছে মৃত কংগ্রেস কর্মীর পরিবার। পুলিশি নিরাপত্তায় গলদ রয়েছে। কোনওরকম নিরাপত্তা পাওয়া যাচ্ছে না পুলিশের পক্ষ থেকে।' তাই খুনের ঘটনার সঠিক তদন্তের জন্য সিবিআই তদন্তের দাবি করেন মৃত কংগ্রেস কর্মী ফুলচাঁদ শেখের পরিবার। রাজ্যপাল উপযুক্ত ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন।

২ পাতার পর

# কেন্দ্রীয় বাহিনী যত পারে আসুক, আমরা তো চাইছি প্রতি বুথে থাকুক: অভিষেক

তৃণমূল সাধারণ সম্পাদক বলেন, 'কমিশনই এর সঠিক জবাব দিতে পারবে। তবে আমার মনে হয় যে কমিশনের হয়তো মনে হয়েছিল, তাঁর অধিকার বা এক্তিয়ারের জায়গাটা সংকুচিত হয়ে যাচ্ছে। ভোটে কী ব্যবস্থাপনা থাকবে তা স্থির করার এক্তিয়ার শুধু তাদেরই রয়েছে। তাই হয়তো ইতস্তত করেছিল।'

পঞ্চায়েত ভোটের বহু আগে থেকে অভিষেক প্রচার করেছিলেন যে হিংসা ও অশান্তি হবে না এই ভোটে। পঞ্চায়েতে যদি বিরোধীদের কেউ মনোনয়ন জমা দিতে না পারেন, তাহলে যেন তাঁকে বলেন। তিনি দাঁড়িয়ে থেকে মনোনয়নের ব্যবস্থা করবেন।

কিন্তু দেখা যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়ের জেলা দক্ষিণ ২৪ পরগনা বারবার অশান্ত হয়েছে।ভাঙড়ে শাসক দল ও আইএসএফের সংঘাতে হতাহত হয়েছেন অনেকে। ক্যানিং ১ নম্বর ব্লক বিনা প্রতিদ্বন্দ্বিতায় জিতে গেছে তৃণমূল। ভাঙড় ১ নম্বর ব্লকে ৭০ শতাংশ বুথে কোনও প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে না।এ ব্যাপারে প্রশ্ন করা হলে অভিষেক বলেন, 'ভাঙড়ে যা ঘটেছে তা হওয়া উচিত ছিল না।' তাঁর কথায়, একটা কথা সবাইকে মানতে হবে। তা হল, গত বিশ-ত্রিশ বছর ধরে বাংলায় যে ধরনের পঞ্চায়েত ভোট দেখেছি, এবার তার চেয়ে অন্যরকম। ২ লক্ষ ৩৬ হাজার প্রার্থী ভোটে লড়ছেন। এটা অভূতপূর্ব ঘটনা। বাম জমানায় বাংলায় পঞ্চায়েত ভোটে যে ধরনের হিংসা হত, তা অনেকটাই কমিয়ে ফেলা গিয়েছে।

অভিষেকের কথায়, 'আমি মৃতের সংখ্যা দিয়ে কোনও কিছুর যথার্থতা প্রমাণ করতে চাইছি না। যে কোনও মৃত্যুই দুঃখের। পঞ্চায়েত ভোটে একজনেরও মৃত্যু কাম্য নয়। কিন্তু এও ঠিক বিক্ষিপ্ত কিছু এলাকা ছাড়া আগের মতো সার্বিক ভাবে অশান্তির ঘটনা নেই। তা থাকলে এত মনোনয়ন জমা পড়ত না'।

## বুথে একজন জওয়ান থাকলে প্রাণহানির আশঙ্কা!

# ভোটে কেন্দ্রীয় বাহিনী নিয়ে জটিলতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাত পোহালেই পঞ্চায়েত নির্বাচন । অথচ বাহিনী মোতায়েন নিয়ে জটিলতা কিছুতেই কাটছে না। রাজ্যের দাবি মতো ৮২২ কোম্পানি বাহিনী আসার নিশ্চয়তা পাওয়া গেলেও তাঁদের মোতায়েন করা নিয়ে জটিলতা বেড়েই চলেছে। আসলে কেন্দ্রীয় বাহিনীর আধিকারিকরা জানিয়েছেন, প্রতি বুথে একজন করে বাহিনী মোতায়েন করা সম্ভব নয়।বৃহস্পতিবার কমিশনের দেওয়া হিসাব অনুযায়ী এবার মোট বুথের সংখ্যা ৬১,৬৩৬ হলেও ১০৪৩টি বুথে বিভিন্ন কারণে ভোট হচ্ছে না। সেক্ষেত্রে ভোট গ্রহণ হচ্ছে ৬০,৫৯৩টি বুথে। ৮২২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী এলে মোট জওয়ানের সংখ্যা ৮২ হাজারের আশেপাশে হবে। এ থেকে স্পষ্ট যে, সব বুথে কোনও মতেই চার জন কেন্দ্রীয় বাহিনীর সদস্য মোতায়েন সম্ভব নয়। সে ক্ষেত্রে স্বাভাবিক ভাবেই ভোটের ভবিষ্যত নিয়ে প্রশ্ন উঠছে। জটিলতা আরও আছে। যে ৮২২ কোম্পানি বাহিনীর কথা বলা হচ্ছে, সেটাও এখনও পুরোপুরি রাজ্যে এসে পৌঁছায়নি। আদৌ তারা শনিবারের আগে এসে পৌঁছাবেন তো? সে প্রশ্নও থাকছে।অন্তত হাফ সেকশন বাহিনী মোতায়েন করতেই হবে।

রাজ্যের আইনশৃঙ্খলার যা পরিস্থিতি তাতে এক বুথে মাত্র একজন করে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হলে প্রাণহানির আশঙ্কা থাকতে পারে। বুথ দখল বা হিংসার ঘটনা ঘটলে একজন জওয়ানের পক্ষে সেটা নিয়ন্ত্রণ করা কঠিন। এই মর্মে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রককে চিঠি দিয়েছেন কেন্দ্রীয় বাহিনীর কোঅর্ডিনেটর। বৃহস্পতিবার রাতে দেড় ঘণ্টার বেশি সময় ধরে কেন্দ্রীয় বাহিনীর কোঅর্ডিনেটরের সঙ্গে বৈঠক করেন রাজ্য নির্বাচন কমিশনার রাজীব সিনহা । কিন্তু তাতে জটিলতা কাটেনি।আসলে বিএসএফ , আইটিবিপি-সহ সব বাহিনীর কর্তারা জানিয়েছেন, কোনও জায়গায় এক সেকশনের কমে বাহিনী থাকতে পারে না। এক সেকশনের সদস্য সংখ্যা ১১ জন। ভোটের জন্য সেটাকে কমিয়ে হাফ সেকশন করা যেতে পারে মাত্র। হাফ সেকশনের সদস্য চার জন। অর্থাত প্রতি বুথে ন্যূনতম ৪ জন করে কেন্দ্রীয় বাহিনীর জওয়ান মোতায়েন করতে চাইছেন বাহিনীর কর্তারা। আর তাতেই বাড়ছে জটিলতা।

## আইআইটি খড়গপুর গাছের জীবাশ্মে আইসোটোপের সন্ধান পেল,

# যার ফলে বিশ্ব উষ্ণায়ন এবং ভবিষ্যতে আরও অধিক বৃষ্টির সম্ভাবনা রয়েছে

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আইআইটি খড়গপুরের একদল বিজ্ঞানী গাছের জীবাশ্মে ট্রিপল আইসোটোপের সন্ধান পেয়েছেন। এর ফলে বার্ষিক বৃষ্টিপাতের পরিমাণ আরও বাড়ার সম্ভাবনা রয়েছে। ৬৬ মিলিয়ন বছর আগে ভারতের দাক্ষিণাত্যে বিপর্যয়মূলক আগ্নেয়গিরি থেকেও অতিমাত্রায় বৃষ্টিপাত হয়েছিল। অগ্ন্যুৎপাতের কারণে ডাইনোসর-সহ সমস্ত প্রজাতির প্রায় ৮০% প্রাণীর বিলুপ্তি ঘটে। অক্সিজেন আইসোটোপগুলির ক্ষয়প্রাপ্ত চিহ্ন ক্রিটাসিয়াস যুগে ভারতে উচ্চ বৃষ্টিপাতের তথা ১৬০০ মিলিমিটার প্রতি বছরের ইঙ্গিত দেয়।

"ডেকান ট্র্যাপ অগ্ন্যুৎপাতের সময় ভূমি ও সমুদ্র উভয়ের উপর বায়ুমণ্ডলীয় কার্বনডাই অক্সাইডের ঘনত্ব এবং তাপমাত্রা থেকে প্রাপ্ত তথ্যগুলি বিশ্লেষণ করা হয়। এটি ছিল প্রলয়কাল। সমগ্র মধ্য এবং পশ্চিম ভারতের চারপাশে, ডেকান ট্র্যাপ লাভাগুলি বিস্ফোরিত হচ্ছিল, পৃথিবীর গভীর অভ্যন্তর থেকে প্রচুর পরিমাণে কার্বনডাই অক্সাইড ছড়িয়েছিল। যার ফলে তৎকালীন বায়ুমণ্ডলে কার্বনডাই অক্সাইডের ঘনত্ব অনেকটাই বেড়ে যায়। এই পরিস্থিতির আগে এবং পরে পৃথিবীতে বৃষ্টিপাত আজকের মতোই স্বাভাবিক ছিল। এটি আমাদের ভবিষ্যৎ গ্রীনহাউস পৃথিবী কী হতে পারে তার একটি প্রাচীন অ্যানালগ ছিল, একথাই জানান এই গবেষণার নেতৃত্ব প্রদানকারী আইআইটি খড়গপুরের জিওলজি অ্যান্ড জিওফিজিক্স বিভাগের অধ্যাপক অনিন্দ্য সরকার।

জীবাশ্ম জ্বালানি নির্গমন ২০২৩ সালে ২৮০ পিপিএম-এর প্রাক-শিল্প স্তর থেকে কার্বনডাই অক্সাইড ৪২০ পিপিএম বাড়িয়েছে। জলবায়ু মডেলগুলি থেকে দেখা যায় কার্বনডাই অক্সাইড দ্বিগুণ হলে বায়ুমণ্ডলীয় সঞ্চালন তীব্র হবে এবং এর ফলে বৃষ্টিপাত হবে। অনেক বিশেষজ্ঞ অবশ্য বিশ্বাস করেন বিশ্বউষ্ণায়ন এত দ্রুত হারে বাড়ার কারণে জলবায়ু পরিবর্তন এখন অপরিবর্তনীয় এবং আরেকটি ব্যাপক বিলুপ্তি আসন্ন। একথাও জানালেন অধ্যাপক সরকার।

জলবায়ু পরিবর্তন সংক্রান্ত আন্তঃসরকার প্যানেল (আইপিসিসি) ২০২৩-এর প্রতিবেদন আমাদের সতর্ক করে যে, যদি কার্বনডাই অক্সাইড নির্গমন এবং বিশ্ব উষ্ণায়ন নিরবচ্ছিন্নভাবে চলতে থাকে তবে, সমস্ত মহাদেশে বৃষ্টিপাত বহুগুণ বৃদ্ধি পাবে।

গ্রীষ্মমন্ডলীয় বায়ু স্তরের সঙ্গে যুক্ত মৌসুমি বৃষ্টিপাত-ও ভারতে ৪০ শতাংশ বৃদ্ধি পাবে।

ডেকান ট্র্যাপগুলি হল পশ্চিম-মধ্য ভারতীয় উপমহাদেশের ৫০০,০০০ বর্গ কিলোমিটারেরও বেশি জুড়ে পৃথিবীতে বিস্ফোরিত হওয়া সবচেয়ে বড় বেসাল্টিক আগ্নেয়গিরির লাভাগুলির মধ্যে একটি। আমরা দাক্ষিণাত্য অঞ্চলের বেসাল্টিক লাভার উপর গঠিত হ্রদের চারপাশে বেড়ে ওঠা জীবাশ্ম গাছের অক্সিজেন আইসোটোপ বিশ্লেষণ করে অতীতের বৃষ্টিপাত সম্পর্কে তথ্য পুনরুদ্ধার করেছি। এই তথ্য থেকে দেখা যায়, একটি প্রাচীন বন জীবাশ্ম হয়ে গেছে বলে জানান অধ্যাপক সরকার।

তিনি বলেন, আইপিসিসি-র এই পূর্বাভাস থেকে এটি পরিলক্ষিত হয়ে যে, ভবিষ্যতে আমাদের গ্রহের তাপমাত্রা অত্যন্ত বেড়ে যেতে পারে। এই জীবাশ্মগুলি থেকে দেখা গেছে, পূর্বে প্রতি বছরে ১৮০০ থেকে ১৯০০ মিলিমিটার পর্যন্ত বৃষ্টি হয়েছে।

খুব সম্প্রতি এই নিরীক্ষণটি প্রকাশিত হয়েছে 'কেমিক্যাল জিওলজি' সাময়িক পত্রিকায়।

২ পাতার পর

# পঞ্চায়েত ভোটে 'বাক্স বদল' রুখবে প্রযুক্তি, 'ভোট লুট' থামাতে নতুন উদ্যোগ

গায়ে 'কিউআর কোড' ও নির্দিষ্ট নম্বর থাকছে। দায়িত্বপ্রাপ্ত বেসরকারি সংস্থাকে দিয়ে পুরনো ব্যালট বাক্সে চিহ্নিতকরণের নম্বর এবং 'কিউআর কোড' বসিয়ে সেই বাক্সই পাঠানো হচ্ছে বিভিন্ন জেলায়। কমিশন সূত্রে খবর, এ বারের পঞ্চায়েত ভোটে অধিকাংশ ক্ষেত্রেই নতুন ব্যালট বাক্স ব্যবহার করা হচ্ছে। সামান্য কিছু ক্ষেত্রে জেলা প্রশাসনের হাতে খাকা পুরনো ব্যালট বাক্সকে কাজে লাগানো হচ্ছে। সেগুলির গায়েও 'কিউআর কোড' ও নম্বর বসানো হয়েছে। বৃহস্পতিবার কমিশনের দেওয়া হিসাব অনুযায়ী এবার মোট বুথের সংখ্যা ৬১ হাজার ৬৩৬ হলেও ১ হাজার ৪৩টি বুথে বিভিন্ন কারণে ভোট হচ্ছে না।সেক্ষেত্রে ভোট গ্রহণ হচ্ছে ৬০ হাজার ৫৯৩টি বুথে। গত পঞ্চায়েত ভোটে একাধিক গণনাকেন্দ্রে বাক্স বদলের অভিযোগ উঠেছিল।

বাম আমলেও বিরোধীরা এই অভিযোগ বার বার তুলে এসেছে। এবার সেই অভিযোগে যাতে ফের বিদ্ধ না হতে হয়, সে জন্য প্রথম থেকেই সচেষ্ট রাজ্য নির্বাচন কমিশন। এজন্য ফেব্রুয়ারি মাস থেকেই ব্যালট বাক্স চিহ্নিতকরণের নম্বর ও 'কিউআর কোড' বসানোর কাজ শুরু করা হয়েছিল। কমিশন সূত্রে খবর, প্রতিটি ব্যালট বাক্সের নম্বর পোর্টালে নথিবদ্ধ করতে জেলা প্রশাসনগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে। যাতে ভোটের সময় কোন বুথে কোন ব্যালট বাক্স পাঠানো হচ্ছে, তা সহজেই জানা যায়। কমিশনের দাবি, ব্যালট বাক্সের নম্বর জানা থাকলে গণনার আগে বা পরে বাক্স বদলের অভিযোগ উঠবে না। পাশাপাশি 'কিউআর কোড' 'স্ক্যান' করলে ব্যালট বাক্সের যাবতীয় তথ্য বেরিয়ে আসায় পুরো প্রক্রিয়ায় আরও স্বচ্ছতা আনা যাবে।

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ১৮৭ সংখ্যা ০৮ জুলাই, ২০২৩ শনিবার ২২ আষাঢ়, ১৪৩০

## সম্পাদকীয়

# পুলিশকর্মীদের বড় অংশ গিয়েছেন ভোটের কাজে, শিয়ালদহ, উল্টোডাঙায় যানজটে নাভিশ্বাস

থানায় পড়ে রয়েছেন সাকুল্যে ১০ জন অ্যাসিস্ট্যান্ট সাব-ইনস্পেক্টর (এএসআই)। কোথাও সেই সংখ্যাটাই টেনেটুনে ছয়, কোথাও সেই ক'জনও নেই। থানার হোমগার্ড থেকে শুরু করে কনস্টেবলের সংখ্যার হাল আরও খারাপ। যে ক'জন কর্মী আছেন, তাঁদের কখনও ভিআইপি-দের বাড়ির নিরাপত্তায় পাঠাতে হচ্ছে, কখনও রাখতে হচ্ছে দর্শনীয় স্থানের রোজকার দায়িত্বে।ভোটের জেরে একই অবস্থা ট্র্যাফিক গার্ডগুলিতেও। ভোটের কাজে গার্ডের বড় অংশের পুলিশকর্মী চলে যাওয়ায় পথের নিরাপত্তা সামলানোর দায়িত্বে থাকা কর্মীর সংখ্যা কমাতে বাধ্য হয়েছেন আধিকারিকেরা। কোথাও আবার রাস্তার ট্র্যাফিক সামলানোর দায়িত্ব বর্তেছে সিভিক ভলান্টিয়ারের উপরে। এ দিন সকাল থেকেই একাধিক রাস্তায় তুলনামূলক ভাবে কম সংখ্যক পুলিশকর্মীর দেখা মিলেছে।

ফলে দিনের ব্যস্ত সময়ে শিয়ালদহ, উল্টোডাঙা, ধর্মতলা, হাজরা মোড়, গড়িয়াহাট-সহ শহরের গুরুত্বপূর্ণ অংশে যান-শাসনে কার্যত নাজেহাল হতে হয়েছে পুলিশকর্মীদের। ফাঁক এড়িয়ে চলেছে ট্র্যাফিক-বিধি ভাঙাও। লালবাজারের এক কর্তা যদিও বলছেন, "নির্বাচনের কাজে জেলায় বাহিনী গেলেও শহরে পর্যাপ্ত পুলিশ রয়েছে। সিসি ক্যামেরার মাধ্যমেও নজরদারি চলছে। শহরের নিরাপত্তায় ফাঁক রাখা হচ্ছে না।"

ফলে থানা চালাতে কার্যত বাধ্য হয়ে 'ডবল ডিউটি' করছেন আধিকারিকেরা। এ ভাবেই কোনও মতে শহরের নিরাপত্তার আঁটুনি বজায় রাখার চেষ্টা করা হলেও কোনও বড় ঘটনা ঘটলে কী হবে, সেই প্রশ্ন উঠছে পুলিশমহলের অন্দরেই।

ত্রিস্তরীয় পঞ্চায়েত নির্বাচন করাতে জেলায় ১২ হাজার পুলিশকর্মী পাঠানো হবে বলে জানিয়েছিল লালবাজার। থানা, ট্র্যাফিক গার্ডের পাশাপাশি ডিভিশন ধরে কর্মী ও আধিকারিকদের সংখ্যা বেঁধে দিয়ে তালিকা পাঠানো হয় লালবাজারের তরফে। পুলিশ সূত্রের খবর, থানার ইনস্পেক্টর পদমর্যাদার আধিকারিককে ভোটের কাজে অন্য জেলায় সে ভাবে পাঠানো না হলেও ডেকে নেওয়া হয়েছে হোমগার্ড, কনস্টেবল, এএসআই, এসআইদের একটা বড় অংশকে। এর ফলে পঞ্চায়েত ভোটের নিরাপত্তার কাজে থানার প্রায় দুই- তৃতীয়াংশ কর্মী চলে গিয়েছেন। আর তার জেরে বৃহস্পতিবার থেকে বাহিনীর বাকি সদস্যেরা থানার দৈনন্দিন কাজ চালাতে রীতিমতো হিমশিম খাচ্ছেন বলে দাবি।পরিস্থিতি সামলাতে কোনও থানায় পুলিশকর্মীদের সকালের ডিউটি শেষ করে ফের রাতে এসে ডিউটি ধরতে হচ্ছে, কোথাও আবার একই সঙ্গে দু'বেলার ডিউটি করতে হচ্ছে। দক্ষিণ কলকাতার একটি থানার এক দায়িত্বপ্রাপ্ত আধিকারিক বলেন, "কিছু করার নেই! থানার কাজও তো চালাতে হবে। অর্ধেকের বেশি কর্মীকে থানা থেকে তুলে নেওয়া হয়েছে। যে ক'জন রয়েছেন, তাঁদেরকে দিয়েই কোনও মতে কাজ চালানো হচ্ছে।" এমতাবস্থায় বড় কোনও ঘটনা ঘটলে পরিস্থিতি সামলানো যাবে কী ভাবে, সেই কথা ভাবাচ্ছে পুলিশকর্মীদেরও।

ভোটের জেরে একই অবস্থা ট্র্যাফিক গার্ডগুলিতেও। ভোটের কাজে গার্ডের বড় অংশের পুলিশকর্মী চলে যাওয়ায় পথের নিরাপত্তা সামলানোর দায়িত্বে থাকা কর্মীর সংখ্যা কমাতে বাধ্য হয়েছেন আধিকারিকেরা। কোথাও আবার রাস্তার ট্র্যাফিক সামলানোর দায়িত্ব বর্তেছে সিভিক ভলান্টিয়ারের উপরে। এ দিন সকাল থেকেই একাধিক রাস্তায় তুলনামূলক ভাবে কম সংখ্যক পুলিশকর্মীর দেখা মিলেছে।

## কলকাতা ও শহরতলির বিভিন্ন জায়গায় থাকা

# মানুষজন গ্রামে ফিরছেন ভোট দিতে

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** পুজো প্যান্ডেলের ভিড়কে দুয়ো দিল রেলের বুকিং কাউন্টারের ভিড়। শুক্রবার হাওড়া, শিয়ালদহ-সহ শহরতলির স্টেশনগুলোতে অস্বাভাবিক ভিড়ের কারণ, শনিবার পঞ্চায়েতের ভোট। আবার পঞ্চায়েত নির্বাচনের জন্য শহরে কমছে বাসের সংখ্যাও।তবে কর্তারা জানাচ্ছেন, চালক ও কন্ডাক্টরদের একটা বড় অংশেরই বাড়ি বিভিন্ন জেলায়। তাঁরা ভোট দিতে সেখানে চলে যাচ্ছেন। ফলে শনি ওরবিবার রাস্তায় বাসের সংখ্যা অনেকটাই কমবে। বেসরকারি বাসমালিকরা জানাচ্ছেন, বেশিরভাগ বাসই ভোটের কাজে তুলে নেওয়া হয়েছে। ফলে অন্য ভোটের সময়ও রাস্তায় যেমন বাস কমে যায়, এবারও তাই হয়েছে। ছোট গাড়ি অটো, টোটোও জেলায় ভোটের কাজে নিয়ে নেওয়া হয়েছে। যে কারণে রাস্তায় সব ধরনের যানবাহনই কমেছে। কলকাতা ও শহরতলির বিভিন্ন জায়গায় থাকা মানুষজন গ্রামে ফিরছেন ভোট দিতে।আর সেই কারণেই স্টেশনগুলিতে উপচে পড়া ভিড়। অথচ বুকিং কাউন্টারগুলিতে কর্মী সংখ্যা কম থাকায় সব কাউন্টার খোলা যায়নি। যাত্রীদের অভিযোগ, কোনও জায়গায় কাউন্টার খোলা থাকলেও অদূরে কর্মীরা গল্প করতে ব্যস্ত। হাওড়ার সিনিয়র ডিসিএম এস সিনহা জানিয়েছেন, ভিড় হওয়ার আগাম কোনও খবর ছিল না। পালটা যাত্রীদের দাবি, লাইন এত দীর্ঘ যে, টিকিট হাতে পেতে ঘণ্টা খানেক সময় লেগে যাচেছ। শহরতলির স্টেশনগুলোতেও ভিড় ছিল অস্বাভাবিক রকমের। কাউন্টারের সংখ্যা কম খোলা থাকাতেই এই বিপত্তি। এধরনের সমস্যার কারণ, কমার্শিয়াল কর্মীদের নজর রাখেন যাঁরা, সেই সিটিআইদের নজরদারির অভাব রয়েছে বলে জানান কর্মীদের একাংশ।

## ন্যায় কর্মফল দাতা শনি দেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

কেউ কোনও অপকর্ম করলে শনির নজর এড়ায় না। শনির হাতে তার শাস্তি নিশ্চিত। তবে কোন মানুষের উপরে যদি শনিদেব রুষ্ট হয়ে থাকে, তখনই মানুষের বুদ্ধিভ্রষ্ট হয় সেইসময়, যখন শনিদেব শকুনের উপর বসে অশুভ প্রভাব ফেলেন।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## ছত্তিশগড়ের রায়পুরে প্রায় ৭,৫০০ কোটি টাকার

# বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস ও জাতির উদ্দেশে উৎসর্গ প্রধানমন্ত্রীর

**নতুন দিল্লি ০৭ জুলাই,২০২৩ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ছত্তিশগড়ের রায়পুরে প্রায় ৭,৫০০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের শিলান্যাস ও জাতির উদ্দেশে উৎসর্গ করেন। তিনি প্রায় ৬৪০০ কোটি টাকার ৫টি জাতীয় সড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং জাতির উদ্দেশে উৎসর্গ করেন। প্রধানমন্ত্রী ৭৫০ কোটি টাকা ব্যয়ে নির্মিত ১০৩ কিলোমিটার দীর্ঘ রায়পুর-খড়িয়ার রোড ডাবল রেল লাইন, ২৯০ কোটি টাকা ব্যয়ে তৈরি ১৭ কিলোমিটার দীর্ঘ কেউটি-অন্তগড় নতুন রেল লাইন প্রকল্পও জাতির উদ্দেশে উৎসর্গ করেন। এছাড়া, কোরবায় ১৩০ কোটি টাকা ব্যয়ে বার্ষিক ৬০ হাজার মেট্রিক টন উৎপাদন ক্ষমতাসম্পন্ন ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের একটি বটলিং প্ল্যান্ট জাতির উদ্দেশে উৎসর্গ করেন প্রধানমন্ত্রী। সেইসঙ্গে আয়ুষ্মান ভারত প্রকল্পে ৭৫ লক্ষ সুবিধাভোগীর হাতে কার্ড দেওয়ারও উদ্যোগ নিয়েছেন তিনি।

এক সমাবেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, আজকের দিনটি ছত্তিশগড়ের উন্নয়ন যাত্রার ক্ষেত্রে অত্যন্ত তাৎপর্যপূর্ণ। কারণ পরিকাঠামো ও যোগাযোগের মতো ক্ষেত্রে ৭০০০ কোটি টাকার বেশি উন্নয়ন প্রকল্প পাচ্ছে এই রাজ্য। তিনি বলেন, এই প্রকল্পগুলি মানুষের জীবনযাত্রাকে সহজ করবে এবং রাজ্যের স্বাস্থ্য পরিষেবা ব্যবস্থাকে মজবুত করবে। তিনি আরও বলেন, এই প্রকল্পগুলির মাধ্যমে প্রচুর কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে।

প্রধানমন্ত্রী বলেন, যে কোনো এলাকার উন্নয়নের সঙ্গে পরিকাঠামোর সরাসরি যোগসূত্র রয়েছে। তাই যে সব এলাকা পিছিয়ে রয়েছে, সেগুলির বিকাশে সরকার পরিকাঠামোর উন্নয়নকে বিশেষ গুরুত্ব দিচ্ছে। তিনি বলেন, “পরিকাঠামোর অর্থ হল সহজ জীবনযাত্রা এবং সহজে ব্যবসা-বাণিজ্য করা। পরিকাঠামোর অর্থ হল, কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং অতি দ্রুত উন্নয়ন।" শ্রী মোদী বলেন, প্রধানমন্ত্রী সড়ক যোজনার আওতায় গত ৯ বছরে রাজ্যের হাজার হাজার আদিবাসী গ্রামের সঙ্গে সড়ক যোগাযোগ স্থাপিত হয়েছে। তিনি জানান, কেন্দ্রীয় সরকার প্রায় ৩,৫০০ কিলোমিটার দীর্ঘ জাতীয় সড়ক প্রকল্প অনুমোদন করেছে, যার মধ্যে প্রায় ৩০০০ কিলোমিটারের কাজ শেষ হয়েছে। তাঁর কথায় “সড়ক, রেল, টেলি যোগাযোগ, যাই হোক না কেন, গত ৯ বছরে ছত্তিশগড়ে সব ধরনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে সরকার নজিরবিহীন কাজ করেছে।"

শ্রী মোদী বলেন, সড়ক ও টেলি যোগাযোগের উন্নতির ফলে গরিব, দলিত ও পিছিয়ে থাকা আদিবাসী সম্প্রদায়ের মানুষ রোগী এবং মহিলাদের নিয়ে সহজে হাসপাতালে পৌঁছতে পারবেন। তিনি বলেন, ৯ বছর আগে ছত্তিশগড়ে ২০ শতাংশের বেশি গ্রামে মোবাইল সংযোগ ছিল না। সেই হার এখন ৬ শতাংশে নেমে এসেছে। প্রধানমন্ত্রী জানান, ৪জি সংযোগের উন্নতির জন্য সরকার ৭০০টির বেশি মোবাইল টাওয়ার বসিয়েছে। এই মোবাইল সংযোগের উন্নতির ফলে গ্রামের মানুষ নানা দিক থেকে উপকৃত হচ্ছেন বলে মন্তব্য করেন তিনি। তাঁর মতে, “এটাই সামাজিক ন্যায়। এবং এটাই হল, সবকা সাথ সবকা বিকাশ।"

প্রধানমন্ত্রী বলেন, রায়পুর-ধানবাদ এবং রায়পুর-বিশাখাপত্তনম, এই দুটি আর্থিক করিডর চালু হওয়ায় গোটা এলাকার মানুষের ভাগ্য বদলাতে চলেছে। পিছিয়ে থাকা জেলাগুলির মধ্যে দিয়ে এই আর্থিক করিডর গড়ে তোলা হয়েছে, যেখানে এক সময় হিংসা ও নৈরাজ্য বিরাজ করত। তিনি বলেন, রায়পুর-বিশাখাপত্তনম আর্থিক করিডরের আজ ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে, যা এই অঞ্চলের মানুষের কাছে এক নতুন জীবনরেখা হিসেবে দেখা দেবে এবং রায়পুর ও বিশাখাপত্তনমের মধ্যে যাতায়াতের সময় অর্ধেক কমিয়ে দেবে। তিনি বলেন, ৬ লেনের রাস্তা কৃষিতে উন্নত ধামতারি, বক্সাইট সমৃদ্ধ কাঙ্কের এবং হস্তশিল্পের জন্য প্রসিদ্ধ কোনডাগাঁও অঞ্চলকে দেশের অন্য অংশের সঙ্গে যুক্ত করবে।

প্রধানমন্ত্রী বলেন, “নতুন সম্ভাবনা সৃষ্টি এবং প্রাকৃতিক সম্পদে সমৃদ্ধ এলাকাগুলিতে আরও বেশি শিল্প স্থাপনের ব্যাপারে সরকার অঙ্গীকারবদ্ধ।" গত ৯ বছর ধরে সরকার এই লক্ষ্যে কাজ করে চলেছে, যা ছত্তিশগড়ে শিল্পায়নের ক্ষেত্রে নতুন শক্তি এনে দিয়েছে। তিনি বলেন, সরকারের নীতির কারণে ছত্তিশগড়ের তহবিলও অনেক বেড়ে গিয়েছে। শ্রী মোদী জানান, ২০১৪ সালের ৪ বছর আগে রয়্যালটি হিসেবে ১৩০০ কোটি টাকা পেত, যেখানে ২০১৫-১৬ থেকে ২০২০-২১ সালের মধ্যে তা বেড়ে ২৮০০ কোটিতে পৌঁছে গিয়েছে। তিনি বলেন, “স্কুল পড়ুয়া, গ্রন্থাগার, রাস্তা, জলের ব্যবস্থা মতো উন্নয়নমূলক কাজে জেলা খনি তহবিল থেকে অর্থ খরচ করা হচ্ছে।"

১ কোটি ৬০ লক্ষ জনধন ব্যাঙ্ক অ্যাকাউন্টে ৬ হাজার কোটি টাকার বেশি অর্থ জমা পড়ার কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, এই টাকা হল গরিব পরিবার, কৃষক এবং শ্রমজীবী মানুষের। জনধন অ্যাকাউন্টে সরাসরি সরকারি সাহায্যের টাকা মানুষের কাছে পৌঁছে যাওয়ার কথাও উল্লেখ করেন তিনি। প্রধানমন্ত্রী জানান, ছত্তিশগড়ের তরুণদের কর্মসংস্থানের লক্ষ্যে মুদ্রা যোজনায় ৪০ হাজার কোটি টাকার বেশি প্রদান করা হয়েছে, যাদের মধ্যে বিপুল সংখ্যায় আদিবাসী এবং গরিব পরিবারের তরুণরা রয়েছেন। করোনার সময় ছত্তিশগড়ের প্রায় ২ লক্ষের মতো সংস্থাকে ৫০০০ কোটি টাকার আর্থিক সাহায্য দেওয়া হয়েছে বলে দাবি করেন তিনি।

প্রধানমন্ত্রী বলেন, পিএম স্বনিধি যোজনায় পথ বিক্রেতাদের কোনোরকম নিশ্চয়তা ছাড়াই ঋণ প্রদান করা হয়েছে, যার মধ্যে ৬০ হাজারের বেশি সুবিধাভোগী ছিলেন ছত্তিশগড়ের। তিনি জানান, মনরেগার আওতায় গ্রামগুলিতে কর্মসংস্থানের জন্য কেন্দ্রীয় সরকার ছত্তিশগড়কে ২৫০০০ কোটি টাকার বেশি অর্থ দিয়েছে।

আয়ুষ্মান প্রকল্পে ৭৫ লক্ষ সুবিধাভোগীকে কার্ড দেওয়ার প্রসঙ্গ টেনে শ্রী মোদী বলেন, এই কার্ডের মাধ্যমে রাজ্যের গরিব ও আদিবাসী পরিবারের সদস্যরা প্রতি বছর ৫ লক্ষ টাকা করে বিনা খরচে রাজ্যের ১৫০০-র বেশি বড় হাসপাতালে চিকিৎসার সুযোগ পাবেন।

ছত্তিশগড়ের রাজ্যপাল শ্রী বিশ্বভূষণ হরিচন্দন, মুখ্যমন্ত্রী শ্রী ভূপেশ বাগেল, উপ মুখ্যমন্ত্রী শ্রী টি এস সিংদেও, কেন্দ্রীয় সড়ক পরিবহন মন্ত্রী শ্রী নীতিন গড়কড়ি, কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডঃ মনসুখ মান্ডভিয়া এবং বেশ কয়েকজন সাংসদ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

## সায়নীকে টাকা দেওয়া প্রসঙ্গেই কুন্তলের মুখে

# এক বলিউড অভিনেত্রী ও টলিউড অভিনেতার নাম!

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সায়নীকে কোনও ফ্ল্যাট কিনে দেননি বা সুবিধা পাইয়ে দেননি। সায়নীর সঙ্গে কোনও টাকার লেনদেন হয়নি, প্রকাশ্যে এমন দাবি করলেও ঘনিষ্ট মহলে টাকার লেনদেন কথা স্বীকার করেছেন কুন্তল। তাঁর দাবি, ২০২১ সালের অগস্টে সায়নীর সঙ্গে আলাপ হয়। তারপর কুন্তলের পুজো সহ চারটি সমাজসেবামূলক কাজে উদ্বোধন বাবদ ১ লক্ষ ২০ হাজার টাকা দেন তিনি।ইডি সূত্রে খবর সায়নী ঘোষ ও তার পরিবারের সদস্যদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট ঘেঁটে গুরুত্বপূর্ণ কিছু তথয় মিলেছে। সেই তথ্যের ভিত্তিতেই সায়নী ঘোষকে আবার জিজ্ঞাসাবাদ করতে চায় কেন্দ্রীয় তদন্ত সংস্থা। প্রসঙ্গত, গত শুক্রবার সায়নীকে ১১ ঘণ্টা জিজ্ঞাসাবাদ করে ইডি। জিজ্ঞাসাবাদের সময়ে বেশকিছু প্রশ্ন উঠে আসে। সেই সব প্রশ্নের উত্তর পেতে গেলে চাই নথি। তাই সেইসব তথ্যপ্রমাণ দিতে বলা হয় সায়নীকে। কিন্তু তিনি যে নথি পাঠিয়েছেন তাতেও বেশকিছু অসংগতি রয়েছে বলে দাবি ইডির। পিআর-এরের মাধ্যমে সেই টাকা দেওয়া হয়েছিল। তারমধ্যে কালীঘাটের একটি বস্ত্র বিতারণ অনুষ্ঠানও ছিল। সেই বস্ত্র বিতরণ অনুষ্ঠানের জন্য ৩০ হাজার টাকা দেন কুন্তল। তবে সায়নী নন, ঘনিষ্ঠ মহলে কুন্তল জানিয়েছেন, তাঁর একটি পানশালা উদ্বোধনের জন্য বলিউডের এক অভিনেত্রীকে তিনি তাঁর অ্যাকাউন্ট থেকে ৫ লক্ষ টাকা দিয়েছিলেন। যদিও সেই প্রোগ্রাম হয়নি। কিন্তু টাকাও ফেরত পাননি তিনি। তাই সেই বলিউড অভিনেত্রীকে কেন ডাকা হচ্ছে না? কোন অজ্ঞাত কারণে ডাকা হচ্ছে না? প্রশ্ন তোলেন কুন্তল। টলিউডের এক অভিনেতাও অনুষ্ঠানের জন্য টাকা দিয়েছিলেন বলে দাবি কুন্তলের।ইডির নজরে সায়নীর নামে গল্ফগ্রিনের দুটি ফ্ল্যাট। কারণ, ৮০ লক্ষ টাকা দামের ফ্ল্যাটের জন্য ব্যাঙ্ক থেকে ৬০ লক্ষ টাকা ঋণ নিয়েছিলেন বলে দাবি সায়নীর। বাকি ২০ লাখ টাকা সেভিংস ভেঙে দিয়েছেন বলে জানিয়েছেন সায়নী। যদিও তদন্তকারীদের অনুমান বুকিং বাবদ যে ২০ লক্ষ টাকা দেওয়া হয়, তা কুন্তলের থেকে পেয়েছিলেন তিনি। তবে তা অস্বীকার করেছেন সায়নী। তাঁর দাবি, বাকি ২০ লক্ষ টাকা তাঁর এবং পরিবারের জমানো টাকা থেকে দিয়েছিলেন। এখন সায়নীর এই দাবি কতটা সত্য তা নিশ্চিত হতে ব্যাঙ্ক ঋণ সংক্রান্ত যাবতীয় নথি, কে ঋণ শোধ করছে, ব্যাঙ্কের ঋণ ছাড়া অন্য কারও ঋণ নিলে থাকলে তার প্রমাণ্য নথি, সেভিংস ভেঙে টাকা দিয়েছেন বলে যে দাবি করছেন সেই সংক্রান্ত সব নথি জমা দিতে বলা হয় সায়নী ঘোষকে। ৫ জুলাইয়ের মধ্যে সেই নথি জমা দিতে বলা হয়েছিল। কিন্তু হাজিরা না দিয়ে ৫৩০ পাতার নথি ইডি দফতরে পাঠিয়ে দেন সায়নী।কিন্তু, সায়নী ঘোষের পাঠানো সেই নথিতে সন্তুষ্ট নয় ইডি। কারণ, ইডির বক্তব্য সেই নথি অসম্পূর্ণ। ইডি সূত্রে খবর, সায়নী নিজের নামে কেনা ফ্ল্যাটের তথ্য দিয়েছেন। কিন্তু জমা দেননি মায়ের নামে কেনা ফ্লয়াটের লেনদেনের নথি। এছাড়া আরও একটি ফ্ল্যাটের নথি দেননি। পাশাপাশি কলোনি ল্যান্ড নামে অন্য একটি সম্পত্তি বিক্রির নথিও দেননি। ওই সম্পত্তির নথিও চেয়েছিল কেন্দ্রীয় তদন্ত সংস্থা। চিঠি দিয়ে সায়নী জানিয়েছেন, বাকি নথি তিনি পরে জমা দেবেন। কিন্তু এই নিয়ে ইডি আধিকারিকদের মধ্যে অসন্তোষ রয়েছে বলে জানা যাচ্ছে।

# সিনেমার খবর

## হাতে নেই কোনও ছবি, বিলাসবহুল বাড়ি কিনলেন জ্যাকলিন



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** হাতে তেমন কোনও ছবি নেই। দুই একটা বিজ্ঞাপন আর সালমানের সঙ্গে ট্যুর। এসবের মাঝেই দুম করে ১২ কোটির বিলাসবহুল বাংলো কিনলেন বলিউড অভিনেত্রী জ্যাকলিন ফার্নান্ডেজ! সূত্রের খবর অনুযায়ী, জ্যাকলিনের এই বাড়িতে রয়েছে অত্যাধুনিক জিম, সুইমিং পুল। জ্যাকলিনের এই বাড়ি কেনার খবর ছড়িয়ে পড়তেই নেটিজেনরা ট্রোল করতে শুরু করেছে জ্যাকলিনকে। নেটিজেনদের একাংশ মনে করছেন ঠগ সুকেশের কাছ থেকে পাওয়া টাকা দিয়েই নাকি বাড়ি কিনেছেন জ্যাকলিন।

২০০ কোটি টাকার আর্থিক কেলেঙ্কারিতে অভিযুক্ত সুকেশ। আপাতত তার ঠিকানা জেল। কিন্তু ওই যে বলে ভালবাসা মানে না কোনও সীমানা। সুকেশের মনও তাই পড়ে রয়েছে জ্যাকলিনের কাছে। চিঠি দিয়ে ফের সে কথাই বুঝিয়ে দিলেন। সম্প্রতি বি-টাউনের একটি অ্যাওয়ার্ডের অনুষ্ঠানে পারফর্ম করেছেন জ্যাকলিন। চিঠিতে 'গার্লফ্রেন্ডে'র পারফরম্যান্সের প্রশংসা করেন সুকেশ। বৃহস্পতিবার নিজের আইনজীবী অনন্ত মালিকের হাত দিয়ে সেই চিঠি পাঠিয়েছেন তিনি।


'ঠগবাজ' লিখেছেন, "মাই লাভ, মাই বেবি জ্যাকলিন, মাই বম্মা। ২৮ এপ্রিল ফিল্মফেয়ার অ্যাওয়ার্ড দেখলাম। তোমার পারফরম্যান্সই সেরা ছিল। গোটা শোয়ে তোমার নাচটাই সবচেয়ে ভাল লেগেছে। আবার নতুন করে তোমার প্রেমে পড়ে গেলাম। বলে বোঝাবার ভাষা পাচ্ছি না। তুমি একজন সুপারস্টার। আমার বেবি গার্ল।" এরপরই যোগ করেন, "আমার জীবনে তোমার থাকাটাই আমার কাছে বড় পাওনা। তুমি জানো না কতটা পাগলের মতো আমি তোমায় ভালবাসি। তোমায় ভীষণ মিস করছি। তোমার জন্মদিনে দারুণ সারপ্রাইজ দেব। তোমার নিশ্চিতভাবেই ভীষণ ভাল লাগবে। আর অপেক্ষা করতে পারছি না। আমি চাই তোমার মুখে সবসময় হাসি লেগে থাকুক। সত্যিটা সামনে আসার সময় এসে গিয়েছে। চিন্তা কোরো না।"

## অভিনয় ছেড়ে রাজনীতিতে আসছেন থালাপতি বিজয়!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** তামিল ছবির বড় নাম। তার পারিশ্রমিক পিছনে ফেলবে তাবড় বলিউড তারকাদের। তাকে নিয়ে অনুরাগী মহলে উন্মাদনার অন্ত নেই। বিজয়ের 'বরিসু' ছবিটি বক্স অফিসে বিপুল সাফল্য পেয়েছে। এই মুহূর্তে তিনি ব্যস্তলোকেশ কনগরাজের থ্রিলার ছবি 'লিও'র শুটিংয়ে ব্যস্ত। এর মাঝেই এক নতুন খবর অভিনয় থেকে নাকি বিরতি নিতে চলেছেন বিজয়। অভিনয় ছেড়ে রাজনীতিতে আসছেন থালাপতি বিজয়! শোনা যাচ্ছে আগামী দুই থেকে তিন বছর বড় পর্দায় দেখা যাবে না তাকে। রাজনীতিতে যোগ দেবেন অভিনেতা। ২০২৬ সালের তামিলনাড়ুর বিধানসভা নির্বাচন নাকি তার পাখির চোখ। সেই কারণে প্রস্তুতিও নিচ্ছেন অভিনেতা। সম্প্রতি চেন্নাইতে এক অনুষ্ঠানে বিজয়ের বক্তব্য প্রকাশ্যে আসার পর থেকেই জোরালো হয় জল্পনা। তামিলনাড়ুতে শিক্ষার বেসরকারিকরণের বিরুদ্ধে মত দেন অভিনেতা। তাকে সমর্থন জানিয়েছেন অনেকেই। তবে অভিনেতার রাজনীতিতে যোগ দেওয়ার খবরে একদিকে খুশি তার অনুরাগীরা। অন্য দিকে তাদের মনও খারাপ, বড় পর্দায় আর দেখতে পাবেন না বিজয়কে। যদিও এই প্রসঙ্গে অভিনেতার তরফে এখনও পর্যন্ত কোনও আনুষ্ঠানিক ঘোষণা করা হয়নি। ১৯ অক্টোবর মুক্তি পাবে তার লিও' ছবিটি। শোনা যাচ্ছে 'থলপতি ৬৮' ছবির পরই রাজনীতিতে যোগ দেবেন অভিনেতা। নির্বাচনের আগে রাজনীতিতে যোগ দেন বিনোদন জগতের তারকারা। এই চলন দক্ষিণ ভারতে নতুন কিছু নয়। এ ক্ষেত্রে দক্ষিণ ভারতকে পথ প্রদর্শকও বলা যেতে পারে। বিভিন্ন সময় বিনোদন জগতের তারকা এসেছেন রাজনীতিতে। তার বড় দৃষ্টান্ত এমজিআর, এনটিআর ও জয়ললিতা। এরা রাজ্যের মুখ্যমন্ত্রী ছিলেন।

## বড়সড় দুর্ঘটনার কবলে শাহরুখ খান, জানুন সর্বশেষ অবস্থা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** শাহরুখ খানের বড় বিপদ! শ্যুটিং ফ্লোরে হঠাৎই বড়সড় দুর্ঘটনার কবলে কিং খান। তড়িঘড়ি আনা হল ভারতে। অস্ত্রোপচার অভিনেতার। বলিউড সুপারস্টার শাহরুখ খান দুর্ঘটনার কবলে। মার্কিন যুক্তরাষ্ট্রে দুর্ঘটনার শিকার অভিনেতা। অভিনেতা নাকে চোট পেয়েছেন বলে জানা গিয়েছে। যত তাড়াতাড়ি সম্ভব একটি ছোট অস্ত্রোপচারও করা হবে তাঁর। একটি সর্বভারতীয় সংবাদ মাধ্যম জানিয়েছে যে পাঠান অভিনেতা তাঁর একটি আসন্ন প্রকল্পের জন্য শ্যুটিং করছিলেন। সেই সময়েই তিনি লস অ্যাঞ্জেলসের সেটে একটি ছোট দুর্ঘটনার মুখোমুখি হন। তবে কিং খান এখন ভারতে ফিরেছেন এবং সুস্থও রয়েছেন।

একটি রিপোর্ট অনুযায়ী, 'এসআরকে লস অ্যাঞ্জেলসে একটি প্রজেক্টের জন্য শ্যুটিং করছিলেন এবং তখনই তাঁর নাকে চোট পায়। তাঁর রক্তক্ষরণ শুরু হয় এবং সঙ্গে সঙ্গে তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। চিকিৎসকেরা জানিয়েছিলেন, যে চিন্তার কিছু নেই এবং কিং খানের রক্তপাত বন্ধ করার জন্য একটি ছোট অস্ত্রোপচারও করতে হবে। অপারেশনের পরে, এসআরকের নাকে ব্যান্ডেজ বাঁধা অবস্থায় দেখা গিয়েছিল।' একইসঙ্গে এটাও উল্লেখ্য যে অভিনেতা বা তাঁর টিমের তরফে এখনও পর্যন্ত দুর্ঘটনার বিষয়ে কোনও বিবৃতি জারি করা হয়নি।



চলতি বছরের শুরুতে, শাহরুখ খান পাঠান দিয়ে বড় পর্দায় একটি দুর্দান্ত প্রত্যাবর্তন করেছিলেন। সিদ্ধার্থ আনন্দ পরিচালিত, ছবিতে দীপিকা পাড়ুকোন এবং জন আব্রাহামও গুরুত্বপূর্ণ ভূমিকায় অভিনয় করেছেন। ছবিটি সবার কাছ থেকে অপ্রতিরোধ্য সাড়া পেয়েছিল এবং বক্স অফিসে প্রায় ১০০০ কোটি টাকা উপার্জন করেছে। শাহরুখ ভক্তেরা এই ছবির জন্য ভালোবাসায় ভরিয়ে দিয়েছিলেন অভিনেতাকে।

এরপর ২০২৩ সালেই শাহরুখ খানকে দেখা যাবে জওয়ানে। ছবিটি ইতিমধ্যেই সিনেপ্রেমীদের মধ্যে ব্যাপক গুঞ্জন তৈরি করেছে এবং অন্যতম আলোচনায় পরিণত হয়েছে। শাহরুখ খান, নয়নতারা এবং বিজয় সেতুপতি অভিনীত ছবির পরিচালনার দায়িত্বে অ্যাটলি। জওয়ান সিনেমার পর্দায় ঝড় তুলতে যে প্রস্তুত তা শাহরুখের লুকেই অনেকটা বোঝা যাচ্ছে।

ছবিটির জন্য একটি চিত্তাকর্ষক সেট যেমন করা হয়েছে, তেমনই আবেগ, অ্যাকশন এবং গল্পে যে চমক থাকবে তা ঠারেঠোরে বুঝিয়ে দিচ্ছেন কিং খান। চলতি বছরের ৭ সেপ্টেম্বর প্রেক্ষাগৃহে মুক্তি পাবে ছবিটি। পাশাপাশি শাহরুখ খানের পাইপলাইনে ডাঙ্কিও রয়েছে। রাজকুমার হিরানি পরিচালিত এই ছবিতে এসআরকে-এর বিপরীতে তাপসী পান্নুকেও অভিনয় করতে দেখা যাবে। ডাঙ্কি এই বছরের শেষের দিকে প্রেক্ষাগৃহে মুক্তি পাওয়ার সম্ভাবনা রয়েছে।

এছাড়াও, শাহরুখ খানকে সলমান খানের বহু প্রতীক্ষিত সিনেমা টাইগার থ্রি-তেও একটি বিশেষ ভূমিকায় দেখা যাবে। এমন হাজারও সুখবরের ভিড়ে শাহরুখের দুর্ঘটনার খবরে স্বাভাবিকভাবেই চিন্তার ভাঁজ ভক্তদের কপালে।

## অভিনেত্রী কাজলের জীবনের গোপন কথা প্রকাশ্যে!



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** দক্ষিণের জনপ্রিয় অভিনেত্রী কাজল আগারওয়াল। মাঝে শোনা যায়, অভিনয় ছাড়ছেন তিনি। যদিও সে খবর পুরোটাই গুজব। এবার ব্যক্তিগত জীবন নিয়ে প্রকাশ্যে কথা বললেন কাজল। জানালেন, অবসাদে ভুগেছেন তিনি। তবে অবসাদের সঙ্গে লড়াই করার উপায়ও বাতলে দিলেন নিজেই।

সম্প্রতি ইনস্টাগ্রামে অনুরাগীদের সঙ্গে একটি প্রশ্নোত্তর পর্বে আসেন কাজল। সেখানেই এক অনুরাগী অভিনেত্রীকে জিজ্ঞেস করেন, মা হওয়ার পরবর্তী সময়ে অবসাদে ভুগেছেন কি না? লুকোছাপা না রেখেই অভিনেত্রী বলেন, হ্যাঁ, মা হওয়ার পর অবসাদে ভুগেছি। তবে সেটা একেবারেই স্বাভাবিক বলেই আমার মনে হয়। সেই সময় আমি আমার পছন্দের কাজগুলো করে ফেলি। কখনো একটু শরীরচর্চা করি, কখনো আবার কফি খেতে চলে যাই বন্ধুদের সঙ্গে। আমি আমার পরিবারকে ধন্যবাদ জানাতে চাই এই সময়টায় সঙ্গ দেওয়ার জন্য। তবে আমার স্বামীকে বেশ কঠিন সময়ের মধ্যে যেতে হয়েছে আমার জন্য।' পাশাপাশি কাজল জনান, এই অবসাদের বিষয়টি যতটা না শারীরিক, তার থেকে অনেক বেশি মানসিক। তাই প্রতিটি মুহূর্তকে উদযাপনে বিশ্বাসী তিনি। তবে মাতৃত্ব যে তার কাছে আশীর্বাদ স্বরূপ, সে কথাও জানান অভিনেত্রী।

উল্লেখ্য, গত বছরের এপ্রিলে মা হন কাজল। পুত্রসন্তানের জন্ম দেন তিনি। মা হওয়ার কয়েক মাসের মধ্যেই ফেরেন অভিনয়ে। কমল হাসানের বিপরীতে 'ইন্ডিয়ান টু' ছবিতে অভিনয় করেছেন। বিভিন্ন সময় ওজন ঝরাতে ও শরীরচর্চা করতে দেখা গেছে তাকে।

## মেসির জন্য সুখবর!



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : লিওনেল মেসির সঙ্গে বার্সেলোনার সম্পর্ক কাগজে-কলমে শেষ হয়েছে ২০২১ সালে। কিন্তু চাইলেই কি আর সম্পর্ক শেষ হয়! বার্সেলোনার সমর্থকেরা কদিন আগেও আশায় ছিলেন মেসিকে ফিরে পাবেন তারা। একদিক থেকে মেসি-বার্সেলোনা সম্পর্ক এখনো ভালোভাবেই টিকে আছে। বার্সেলোনা সভাপতি হোয়ান লাপোর্তা বলেছেন ২০২৫ সাল পর্যন্ত মেসিকে বেতন দিতে হবে তাদের!

এই বেতন দিতে না পারায় বার্সেলোনা ছাড়তে হয়েছিল মেসিকে। ২০২১ সাল পর্যন্ত চুক্তিতে যে বেতন পেতেন, তার অর্ধেক বেতনে চুক্তি নবায়ন করতে চেয়েও পারেননি। বার্সেলোনার আর্থিক দুর্দশা সে বেতনেও মেসির চুক্তি নবায়ন করতে দেয়নি। দুই বছর পিএসজিতে কাটিয়েছেন মেসি।

প্যারিসে গিয়ে অবশ্য লাভ হয়েছে মেসির। আর্জেন্টিনার জার্সিতে কিছু না জেতার আক্ষেপ এ সময়ে দূর হয়েছে। জিতেছেন কোপা আমেরিকা, ফিনালেসিমা ও স্বপ্নের বিশ্বকাপ। তবে প্যারিসের সমর্থকদের ভালোবাসা পাননি।

ভালোবাসার কাঙাল হয়ে মেসি আবার বার্সেলোনায় ফিরতে চেয়েছিলেন। এবার বেতন আরও কমাতে চেয়েছিলেন। ২০২১ সালের বেতনের যা ২৫% বলে গুঞ্জন শোনা গিয়েছিল। কিন্তু বার্সেলোনার আর্থিক দুর্দশা এবারও তা হতে দেয়নি। ইউরোপ ফেলে উত্তর আমেরিকায় যাচ্ছেন মেসি। এমএলএসের ক্লাব ইন্টার মায়ামিতে খেলবেন তর্কসাপেক্ষে সর্বকালের সেরা ফুটবলার।


ক্লাব সভাপতি হোয়ান লাপোর্তা জানিয়েছেন, বর্তমানে মেসির সঙ্গে চুক্তি করবেন কী, মেসির বকেয়া বেতনই যে এখনো পরিশোধ করা হয়নি। ২০২১ সালে ক্লাব ছেড়ে গেলেও, সব বকেয়া বুঝে পেতে মেসিকে নাকি আরও ২ বছর অপেক্ষা করতে হবে!

স্প্যানিশ সংবাদমাধ্যম লা ভেনগার্দিয়াকে লাপোর্তা বলেছেন,'আগের বোর্ডের সঙ্গে চুক্তি অনুযায়ী যে বেতন পরে নিতে রাজি হয়েছিল, সেটা ২০২৫ নাগাদ পরিশোধ হবে।' আর এ মৌসুমে মেসিকে ফেরানোর ব্যর্থ চেষ্টার ব্যাপারে তার ব্যাখ্যা, 'আমরা লা লিগার সঙ্গে একমত হয়েছিলাম, আমাদের সম্পদের একটা অংশ মেসির পেছনে ব্যয় করব। এটা আমাদের সম্ভাব্য পরিকল্পনার অংশ ছিল। আমরা হোর্হে মেসির কাছে (মেসির বাবা ও এজেন্ট) সেটা জানিয়েওছিলাম। তিনি বলেছেন মেসি প্যারিসে খুব কঠিন একটা বছর আটিয়েছে এবং এখন চাপ নিতে চাইছে না।'

লাপোর্তার দাবি, মেসি চাপ নিতে ইচ্ছুক ছিলেন না বলেই বার্সেলোনায় যাননি। এতে তাদের আর্থিক পরিস্থিতির কোনো ভূমিকা নেই, 'আমাদের এখানে তাকে চাপে থাকতে হতো এবং ওর সিদ্ধান্তের (ইন্টার মায়ামিতে যাওয়ার) পেছনের যুক্তিটা আমি বুঝি।'

তবে মেসির জন্য সুখবর! এখন মেসিকে ফেরাতে না পারলেও ক্যাম্প ন্যুর পুণর্নির্মাণ শেষ হলেই ঘটা করে তাকে সংবর্ধনা দেয়ার পরিকল্পনার কথা জানিয়েছেন লাপোর্তা।

## ভবিষ্যদ্বাণী আমিরের;
## যারা খেলবেন বিশ্বকাপের সেমিতে



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : ভারত বিশ্বকাপকে সামনে রেখে সমীকরণ মেলাতে শুরু করেছেন ক্রিকেট সংশ্লিষ্টরা। অনেকেই আবার করছেন নানা ভবিষ্যদ্বাণী। টুর্নামেন্ট জুড়ে সর্বোচ্চ রান সংগ্রাহক, উইকেট শিকারী কে হবে তা নিয়ে যেমন চলছে আলোচনা তেমনি সেমিফাইনালিস্টদের নিয়েও কেউ কেউ ভবিষ্যদ্বাণী দিচ্ছেন। পাকিস্তানের তারকা পেসার মোহাম্মদ আমির জানিয়েছেন এবারের বিশ্বকাপে সেমিফাইনাল খেলতে পারে কোন চার দল। এক সাক্ষাৎকারে আমির জানান, আসন্ন বিশ্বকাপের সেমিফাইনাল খেলবে ভারত, ইংল্যান্ড, নিউজিল্যান্ড। বাকি একদল হতে পারে অস্ট্রেলিয়া কিংবা পাকিস্তান। আমির বলেন, 'নিঃসন্দেহে ভারত সেমিফাইনাল খেলবে। এই কন্ডিশন তাদের জন্য বেশ সহায়ক। আমি মনে করি ইংল্যান্ডও ফেভারিট থাকবে। নিউজিল্যান্ডকে আমরা সেভাবে হিসেব না করলেও তারা সবসময়ই সেরা চারে থাকে। সর্বশেষ অস্ট্রেলিয়া কিংবা পাকিস্তান থেকে যে কোনো এক দল জায়গা পাবে শেষ চারে।' বিশ্বকাপে পাকিস্তান দল কেমন করবে সেটি নির্ভর করবে দলটির বোলারদের ওপর, এমনটাই মনে করেন আমির। তিনি বলেন, 'যখনই বড় কোনো আসর আসে পাকিস্তান ধীরগতিতে শুরু করে। ইংল্যান্ডের তুলনায় বর্তমানে পাকিস্তানের অবস্থা সুবিধাজনক। আমাদের এমন ব্যাটিং লাইনআপ রয়েছে যারা ৩০০-৩৫০ রান তাড়া করার সামর্থ্য রাখে। কিন্তু আমাদের বোলারদের গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে হবে, আর সেজন্যই আমি বলেছি পাকিস্তানেরও সুযোগ রয়েছে।'

## শেষ পর্যন্ত নেইমারকে
## ৩৫ কোটি টাকা জরিমানা!



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : কদিন আগে সন্তানসম্ভবা প্রেমিকার বিশ্বাসভঙ্গ করে তোপের মুখে পড়েছিলেন নেইমার। সেটা নিয়ে তুমুল আলোচনার মধ্যেই যোগ হলো আরেকটি দুঃসংবাদ। এক কথায় বিতর্ক যেন ছাড়ছেই না নেইমারকে। পরিবেশ সুরক্ষা আইন ভাঙার দায়ে পিএসজির ব্রাজিলিয়ান ফরোয়ার্ডকে ৩৩ লাখ ডলার জরিমানা করা হয়েছে, বাংলাদেশি মুদ্রায় যা ৩৫ কোটি ৬৫ লাখ টাকার বেশি। খবর এএফপির।

কী অপরাধ নেইমারের? ব্রাজিলের মানগারাতিবা শহর পরিষদ সচিবালয়ের অভিযোগ, পরিবেশ মন্ত্রণালয় ও নগর কর্তৃপক্ষের অনুমতি না নিয়ে বাড়ির পাশে কৃত্রিম লেক ও সৈকত নির্মাণ করেছেন নেইমার, যা স্বচ্ছ পানির উৎসে বাধা সৃষ্টি করেছে।

মানগারাতিবা ব্রাজিলের দ্বিতীয় বৃহত্তম নগরী রিও ডি জেনিরো থেকে ১৩০ কিলোমিটার দক্ষিণে অবস্থিত উপকূলবর্তী শহর। পর্যটনের জন্য শহরটির বেশ সুনাম আছে। সেখানেই ২০১৬ সালে ১০ হাজার বর্গমিটারের বিশাল বাড়ি কিনেছেন নেইমার। সেখানে হেলিপ্যাড, স্পা ও জিমনেশিয়ামও ছিল। সোমবার স্থানীয় প্রশাসন সেখানে গিয়ে কৃত্রিম লেক ও সৈকত দেখতে পান, যা নিয়ম না মেনেই করা হয়েছে।

মানগারাতিবা শহর পরিষদ সচিবালয় এক বিবৃতিতে বলেছে, 'নেইমার অনুমোদন ছাড়া নদীর পানি দখলে নিয়েছেন, যা পানির গতিপথ পাল্টে দিয়েছে।' কৃত্রিম লেক ও সৈকত নির্মাণ করতে গিয়ে পরিবেশের আরও ক্ষতি করেছেন বলেও জানিয়েছে কর্তৃপক্ষ, '(এসব করার জন্য নেইমার) জমি অপসারণ ও গাছপালা কেটে ফেলেছেন।'

এর আগে নেইমারের বিরুদ্ধে নদীর পানি, পাথর ও সৈকতের বালু তোলার অভিযোগও এনেছিল স্থানীয় কর্তৃপক্ষ। এদিকে ব্রাজিলের সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, নিয়মনীতির তোয়াক্কা না করে নেইমার সেখানে পার্টির আয়োজন করেছেন এবং লেকে গোসল করতে নেমেছেন।

মানগারাতিবা শহর পরিষদ ও পরিবেশ নিয়ন্ত্রণ সংস্থা ছাড়াও স্থানীয় অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, রাজ্য পুলিশ ও পরিবেশ সুরক্ষা অফিস বিষয়টি অধিকতর তদন্ত করে দেখবে। শাস্তির বিরুদ্ধে আবেদন করতে নেইমার ২০ দিন সময় পাবেন। তবে এ ব্যাপারে নেইমারের মুখপাত্রের সঙ্গে সংবাদ সংস্থা এএফপি যোগাযোগ করলে তিনি কোনো মন্তব্য করেননি।

৩১ বছর বয়সী নেইমার গত ফেব্রুয়ারি থেকে মাঠের বাইরে। ফরাসি লিগ 'আ'-তে লিলের বিপক্ষে ম্যাচে ডান পায়ের অ্যাঙ্কেলের লিগামেন্টে চোট পান। গুরুতর সেই চোটে মৌসুমই শেষ হয়ে যায়। মার্চে দোহায় অস্ত্রোপচারের পর এখন সেরে ওঠার পথে। ২০২৫ সাল পর্যন্ত চুক্তি থাকলেও গ্রীষ্মকালীন দলবদলেই তার পিএসজি ছাড়ার জোর গুঞ্জন চলছে।

## এবার ইমরান খানকে
## ধোঁকা দিলেন জাভেদ মিয়াঁদাদও



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : একটা সময়ে তারা দেশের হয়ে একসঙ্গে খেলতেন। ক্রিকেট দলের অধিনায়ককে পাকিস্তানেরর প্রধানমন্ত্রী হতেও সাহায্য করেছিলেন। তবে সেই কাজের জন্য আজ আফশোস করেন জাভেদ মিয়াঁদাদ। সম্প্রতি একটি সাক্ষাৎকারে সাবেক পাক ক্রিকেটার এই কথা ফাঁস করেছেন। প্রসঙ্গত, পাক রাজনীতিতে যথেষ্ট বেসামাল অবস্থায় রয়েছেন সাবেক পাক প্রধানমন্ত্রী ইমরান খান। এবার তার পাশ থেকে সরে গেলেন সাবেক সতীর্থ মিয়াঁদাদও।
দুর্নীতি মামলায় মে মাসেই জেল খাটতে হয় ইমরানকে। পরে তিনি মুক্তি পেলেও বিপাকে পড়ে তার দল। একের পর এক শীর্ষ নেতারা পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ ছেড়ে দেন। ইমরানের গ্রেপ্তারির প্রতিবাদ করতে গিয়ে অন্তত ১০ হাজার দলীয় সমর্থক গ্রেপ্তারও হন। এমনকি ইমরানের দলকে নিষিদ্ধ করতেও উঠে পড়ে লেগেছে পাকিস্তান সরকার। সব মিলিয়ে পাক রাজনীতিতে একেবারে কোনঠাসা হয়ে পড়েছেন বিশ্বকাপজয়ী পাক অধিনায়ক। এহেন পরিস্থিতিতেই মুখ খুলেছেন জাভেদ মিয়াঁদাদ। বরাবর ইমরানের সমর্থন করতেই দেখা গিয়েছে প্রাক্তন পাক ক্রিকেটারকে। তবে এবার অন্য সুর তার গলায়। একটি সাক্ষাৎকারে মিয়াঁদাদ বলেছেন, পিটিআই প্রধান ইমরান খান যেন পাকিস্তানের প্রধানমন্ত্রী হতে পারেন, তার জন্য সবরকম সাহায্য করেছিলেন কিন্তু প্রধানমন্ত্রী হওয়ার পরে একবারের জন্যও তাকে ধন্যবাদ জানাননি ইমরান। তারপরেই নিজের কাজের জন্য আক্ষেপ হয়েছে মিয়াঁদাদের।
তবে আক্ষেপ করেও অধিনায়কের প্রশংসাই শোনা গিয়েছে মিয়াঁদাদের মুখে। সাক্ষাৎকারে তিনি বলেন, "যখনই ইমরান জাতীয় দলের হয়ে খেলতেন, সবসময় চেষ্টা করতেন দল যেন খুব খারাপভাবে ম্যাচ না হারে। দলের কোনও সদস্যেরই ইমরানের ক্যাপ্টেন্সি নিয়ে আপত্তি ছিল না।"

## গেইলের ভবিষ্যদ্বাণী;
## যে চার দল খেলবে বিশ্বকাপ সেমিফাইনাল



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : দরজায় কড়া নাড়ছে ওয়ানডে বিশ্বকাপ। দীর্ঘ চার বছর পর আবারও শুরু হতে যাচ্ছে ক্রিকেট বিশ্বকাপের মহাযজ্ঞ। ভারতে বসতে যাওয়া টুর্নামেন্টটির ১৩তম আসর পর্দায় উঠতে বাকি আর মাত্র ৯৭ দিন। এরই মধ্যে টুর্নামেন্টটির চূড়ান্ত সূচি ও ভেন্যু ঘোষণা করেছে ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি) ও ভারতীয় ক্রিকেট কন্ট্রোল বোর্ড (বিসিসিআই)।

বিশ্বকাপকে সামনে রেখে সমীকরণ মেলাতে শুরু করেছে সাবেক ক্রিকেট কিংবদন্তিরা। করছে নানা ভবিষ্যদ্বাণী। টুর্নামেন্ট জুড়ে সর্বোচ্চ রান সংগ্রাহক, উইকেট শিকারী কে হবে তা নিয়ে যেমন চলছে আলোচনা। তেমনি সেমিফাইনালিস্টদের নিয়েও দিচ্ছে ভবিষ্যদ্বাণী।

ওয়েস্ট ইন্ডিজের সাবেক অধিনায়ক ও তারকা ব্যাটার ক্রিস গেইল জানিয়েছেন এবারের বিশ্বকাপে সেমিফাইনাল খেলতে পারে কোন চার দল। বার্তা সংস্থা পিটিআইকে দেয়া এক সাক্ষাৎকারে গেইল জানিয়েছেন, এবার সেমিফাইনাল খেলবে ভারত, পাকিস্তান, ইংল্যান্ড ও নিউজিল্যান্ড।

এসময় গেইল বলেন, 'ভারত-পাকিস্তান যখন মুখোমুখি হয়, বিশেষ করে বিশ্বকাপে; তখন রাজস্ব বহুগুণ বেড়ে যায়। এই একটা ম্যাচই আইসিসির পুরো আয়োজনকে সাফল্যমণ্ডিত করে তুলতে পারে। সম্প্রচারকারী টিভি চ্যানেলগুলোও অনেক লাভবান হয়। তাই এ ধরনের ম্যাচে পাকিস্তান ও ভারতের খেলোয়াড়দের আরও বেশি টাকা দাবি করা উচিত।'

কোন চার দল সেমিফাইনালে খেলবে, সেই ভবিষ্যদ্বাণীতে ওয়েস্ট ইন্ডিজের হয়ে পাঁচটি ওয়ানডে বিশ্বকাপ খেলা গেইল বলেন, 'ভারত, পাকিস্তান, ইংল্যান্ড ও নিউজিল্যান্ড সেমিফাইনাল খেলবে।'

## প্রথম দল হিসেবে
## বিশ্বকাপ নিশ্চিত হলো যাদের!



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : বাছাইপর্বের বাধা উৎরে বিশ্বকাপের মূল পর্ব নিশ্চিত করলো শ্রীলঙ্কা। বাছাইপর্ব থেকে প্রথম দল হিসেবে বিশ্বকাপ নিশ্চিত হলো লঙ্কানদের। জিম্বাবুয়েকে অপেক্ষায় রেখে সবার আগে বিশ্বকাপের মূল পর্বে নাম লিখিয়েছে লঙ্কানরা। স্বাগতিকদের ১৬৬ রানের লক্ষ্যে ব্যাট করতে নেমে ১০১ বল হাতে রেখেই ৯ উইকেটে জয় বাগিয়ে নেয় শ্রীলঙ্কা। আর তাতেই নিশ্চিত হয় বিশ্বকাপের মূল পর্ব।

রোববার (২ জুলাই) টসে হেরে ব্যাটিংয়ে নেমে জিম্বাবুয়ে ৩০ রানের মধ্যেই হারায় তাদের তিন টপ অর্ডারকে। প্রথম ওভারে দিলশান মাদুশাঙ্কার বলে ক্যাচ দিয়ে রানের খাতা খোলার আগেই সাজঘরের পথ ধরেন জয়লর্ড গাম্বি। এরপর ওয়েসলি মাধভেরে এবং অধিনায়ক ক্রেইগ আরভিনকে ফেরান মাদুশাঙ্কা।

চতুর্থ উইকেটে শন উইলিয়ামস ও সিকান্দার রাজা মিলে বিপদ সামাল দেয়ার মিশনে নামেন। দাশুন শানাকার বলে মাদুশাঙ্কার হাতে ধরা পড়েন ৫১ বলে ৩ চারে ৩১ রান করা রাজা, আর তাতেই ভাঙে তাদের ৬৮ রানের জুটি।

মহেশ থিকশানার বলে বোল্ড হয়ে ড্রেসিংরুমের পথ ধরেন ফিফটি পাওয়া উইলিয়ামস। ৫৭ বলে ৬ চার ও এক ছক্কায় করেন ৫৬ রান।

উইলিয়ামস আউট হওয়ার রোডেশিয়ান শিবিরে নেমে আসে ব্যাটিং বিপর্যয়। স্কোরবোর্ডে মাত্র ৩৮ রান যোগ করতেই হারিয়ে বসে শেষ ৬ উইকেট। আর তাতেই জয়ের জন্য লঙ্কানদের সামনে লক্ষ্য দাঁড়ায় ১৬৬ রানের।

শ্রীলঙ্কার হয়ে থিকশানা ২৫ রানের খরচায় নেন ৪ উইকেট। এছাড়া মাদুশাঙ্কা তিনটি ও মাথিশা পাথিরানা নেন দুটি উইকেট।

সহজ লক্ষ্য তাড়া করতে নেমে শুরুতেই ১০৩ রানের জুটি গড়েন দুই ওপেনার পাথুম নিশাঙ্কা ও দিমুথ করুনারত্নে। ৫৬ বলে ২ চারে ৩০ রান করে রিচার্ড এনগারাভার বলে করুনারত্নে ক্যাচ দিয়ে মাঠ ছাড়লে ভাঙে সেই জুটি।

এরপর কুশল মেন্ডিসকে নিয়ে বাকি পথটা সহজেই পাড়ি দেন সেঞ্চুরি তুলে নেয়া নিশাঙ্কা। ১০২ বলে ১৪ চারে ১০১ রানে তিনি অপরাজিত থাকেন। তার সঙ্গে জয় নিশ্চিত করে মাঠ ছাড়েন ৪২ বলে ২৫ রান করা কুশল।

## বিরাট কোহলি 'গাধা', 'নির্বোধ'!
## নভিন উল হকের পোস্টে বিতর্ক শুরু



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : কিছুদিন আগে শেষ হওয়া আইপিএলে কোহলির সঙ্গে ঝামেলায় জড়িয়ে শিরোনামে উঠে এসেছিলেন লখনৌয়ের আফগান পেসার নভিন উল হক। আইপিএল শেষ হয়ে গেলেও নভিন উল হক সেই ঘটনায় এত সহজে দাড়ি টানছেন না।

বারবার বিভিন্ন ব্যাঙ্গাত্মক পোস্টের মাধ্যম নিশানা করেছেন কোহলিকে। কয়েকদিন আগেই এক সাক্ষাৎকারে নভিন উল হল আবার বলে দিয়েছেন, বিরাট কোহলিই ঝামেলার সূত্রপাত করেছিল। শনিবার ফের একবার ইঙ্গিতপূর্ণ পোস্ট করলেন আফগান তারকা। সেও পোস্টে দেখা যাচ্ছে এক গাধা এবং বাঘ তর্কাতর্কি করছে। সেই ভিডিওর শেষে লেখা ফুটে উঠতে দেখা যায়, "বোকা এবং উন্মাদ যে বাস্তব, সত্যিটা মানতে চায় না, স্রেফ নিজের মনগড়া কল্পনা, বিশ্বাসের জয় দেখে, তার সঙ্গে তর্ক করা স্রেফ সময়ের অপচয়। এমন অনেক ব্যক্তি রয়েছে, যাদের সামনে যতই তথ্য হাজির করা হোক না কেন, তাদের বোঝার দক্ষতার বাইরে। অনেকে আবার অহং, ঘৃণা, প্রতিশোধস্পৃহতায় অন্ধ হয়ে থাকে। নিজের ভুল না হলেও সবসময় তারা চায় তারাই যেন ঠিক হয়।"

গত মাসে এক সাক্ষাৎকারে লখনৌ সুপার জায়ান্ট পেসার বিরাট কোহলির সঙ্গে মাঠের লড়াই নিয়ে মুখ খুলেছিলেন। সেই ঝামেলায় ফুটবল ধাঁচে দুই দলের ক্রিকেটাররা হাতাহাতিতে জড়িয়ে পড়েন। কুৎসিতভাবে গোটা ঘটনায় নাম জড়িয়ে যায় গৌতম গাম্ভীরেরও।

বিবিসি পুশতু-কে দেওয়া সাক্ষাৎকারে নভিন বলে দিয়েছেন, "ম্যাচের সময় এবং ম্যাচের পরে ওঁর মোটেই এভাবে কথা বলা উচিত হয়নি। আমি মোটেই ঝামেলার সূত্রপাত করিনি। ম্যাচের শেষে সৌজন্য করমর্দনের সময় কোহলি লড়াই শুরু করে।"

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR